আখমীমের বাসিন্দা আবু আব্দুল্লাহ মুহাম্মদ ইবনে ইয়াহ্ইয়া আল আল-আস্ওয়ানীর শাগরিদদের অন্যতম, শাইখ আবদুল গাফ্‌ফার ইবনে নূহ আল-কুছী; তাঁর আলওয়াহীদ কিতাবে বলেছেন: তিনি (মুহাম্মদ ইবনে ইয়াহ্ইয়া রাঃ) আমাদেরকে বলতেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তিনি প্রতি মুহূর্তেই দেখে থাকেন। আর দেখার পরপর আমাদেরকে অবগত করতেন।

শাইখ আবুল আব্বাস মারাসী রহ. এর ঘটনা

وَقَالَ فِي الْوَحِيدِ أَيْضًا: كَانَ لِلشَّيْخِ أَبِي العباس المرسي وُصْلَةٌ بِالنَّبِيِّ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا سَلَّمَ عَلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - رَدَّ عَلَيْهِ السَّلَامَ وَيُجَاوِبُهُ إِذَا تَحَدَّثَ مَعَهُ

আলওয়াহীদে তিনি আরো উল্লেখ করেছেন যে, শাইখ আবুল আব্বাস মারাসীর সাথে ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর সার্বক্ষণিক

যোগাযোগ। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সালাম জানালে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সালামের উত্তর দিতেন। আর কোন বিষয় জানার থাকলে কথা প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে তা বলে দিতেন।

শাইখ তাজুদ্দীন ইবনে আত্বা উল্লাহ রহ.এর বক্তব্য

وَقَالَ الشَّيْخُ تاج الدين بن عطاء الله فِي لَطَائِفِ الْمِنَنِ، قَالَ رَجُلٌ لِلشَّيْخِ أَبِي العباس المرسي: يَا سَيِّدِي صَافِحْنِي بِكَفِّكَ هَذِهِ فَإِنَّكَ لَقِيتَ رِجَالًا وَبِلَادًا، فَقَالَ: وَاللهِ مَا صَافَحْتُ بِكَفِّي هَذِهِ إِلَّا رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَالَ: وَقَالَ الشَّيْخُ: لَوْ حُجِبَ عَنِّي رَسُولُ اللهِ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- طَرْفَةَ عَيْنٍ مَا عَدَدْتُ نَفْسِي مِنَ الْمُسْلِمِينَ،

আর শাইখ তাজুদ্দীন ইবনে আত্বা উল্লাহ লাইত্বফুল মানানে উল্লেখ করেছেন, এক ব্যক্তি শাইখ আবুল আব্বাস মারাসী (রাঃ)-কে বললেন; ইয়া সাইয়্যেদী! আপনি আপনার এ হাত দ্বারা আমার সাথে মুছাফাহা করুন। কেননা আপনি বহু দেশ ও ব্যক্তির সাথে মিলিত হয়েছেন। জবাবে তিনি বললেন, আল্লাহ তাআলার ক্বসম! আমি এ হাত দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ছাড়া আর কারো সাথে মুছাফাহ্ করি নাই। তিনি আরো বলতেন, যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে চোখের পলকের তরেও আমা হতে আড়াল হন, তা হলে আমি আমাকে মুসলমান বল গণ্য করি না।

শাইখ ছফি উদ্দীন ইবনে আবুল মনছুরও রহ. এর বক্তব্য

وَقَالَ الشَّيْخُ صفي الدين بن أَبِي المنصور فِي رِسَالَتِهِ، وَالشَّيْخُ عبد الغفار فِي الْوَحِيدِ: حُكِيَ عَنِ الشَّيْخِ أَبِي الحسن الوناني قَالَ: أَخْبَرَنِي الشَّيْخُ أبو العباس الطنجي قَالَ: وَرَدْتُ عَلَى سَيِّدِي أحمد بن الرفاعي فَقَالَ لِي: مَا أَنَا شَيْخُكَ، شَيْخُكَ عبد الرحيم بِقِنَا، فَسَافَرْتُ إِلَى قِنَا، فَدَخَلْتُ عَلَى الشَّيْخِ عبد الرحيم فَقَالَ لِي: عَرَفْتَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قُلْتُ :لَا، قَالَ: رُحْ إِلَى بَيْتِ الْمَقْدِسِ حَتَّى تَعْرِفَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَحِينَ وَضَعْتُ رِجْلِي وَإِذَا بِالسَّمَاءِ وَالْأَرْضِ وَالْعَرْشِ وَالْكُرْسِيِّ مَمْلُوءَةٌ مِنْ رَسُولِ اللهِ -

صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَرَجَعْتُ إِلَى الشَّيْخِ فَقَالَ لِي: عَرَفْتَ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قُلْتُ: نَعَمْ، قَالَ: الْآنَ كَمُلَتْ طَرِيقَتُكَ، لَمْ تَكُنِ الْأَقْطَابُ أَقْطَابًا وَالْأَوْتَادُ أَوْتَادًا وَالْأَوْلِيَاءُ أَوْلِيَاءَ إِلَّا بِمَعْرِفَتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ،

আর শাইখ ছফি উদ্দীন ইবনে আবুল মনছুরও তাঁর ছোট্ট পুস্তিকায় এবং আলওয়াহীদে শাইখ আবদুল হাসান বেনানী হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমাকে আবুল আব্বাস আত্বানজী নির্ভরযোগ্য সূত্রে জ্ঞাত করেছেন যে, আমি আমার শাইখ আহমাদ রেফাঈ রহ. এর নিকট উপস্থিত হলে পর তিনি আমাকে বলেন, আমি তোমার শাইখ নই, তোমার শাইখ হলেন আবদুর রহীম। তিনি ক্বানা নামক স্থানে অবস্থান করছেন। আমি ক্বানায় গিয়ে শাইখ আবদুর রহীম রহ. এর নিকট উপস্থিত হলাম। তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কে দেখছ? আমি বললাম, না। তিনি বললেন, তুমি বায়তুল মুক্বাদ্দাসে যাও। আশ্চর্য ! বায়তুল মুক্বাদ্দাসে পা রাখা মাত্রই দেখতে পেলাম, আসমান, যমীন, আরশ ও কুরসী পরিপূর্ণ হয়ে আছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এর দ্বারা অর্থাৎ তিনি সর্বত্র পরিব্যাপ্ত। তারপর সেখান থেকে ফিরে এলে পর শাইখ আবদুল রহীম জানতে চাইলেন, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্পর্কে অবগত হয়েছ? বললাম, জ্বি, হ্যাঁ ! তিনি বললেন, এখন তোমার ত্বরিক্বতের সাধনা পরিপূর্ণতা লাভ করেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর হাক্বীক্বত অনুধাবন ব্যতীত- আক্বত্বাব হতে পারে না, আওতাদ হতে পারে না এবং অলি হতে পারে না।

শাইখ আবদুল গাফফার রহ. এর বক্তব্য

وَقَالَ فِي الْوَحِيدِ: وَمِمَّنْ رَأَيْتُهُ بِمَكَّةَ الشَّيْخُ عبد الله الدلاصي، أَخْبَرَنِي أَنَّهُ لَمْ تَصِحَّ لَهُ صَلَاةٌ فِي عُمْرِهِ إِلَّا صَلَاةٌ وَاحِدَةٌ، قَالَ: وَذَلِكَ أَنِّي كُنْتُ بِالْمَسْجِدِ الْحَرَامِ فِي صَلَاةِ الصُّبْحِ فَلَمَّا أَحْرَمَ الْإِمَامُ وَأَحْرَمْتُ أَخَذَتْنِي أَخْذَةٌ فَرَأَيْتُ رَسُولَ اللهِ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - يُصَلِّي إِمَامًا وَخَلْفَهُ الْعَشَرَةُ فَصَلَّيْتُ مَعَهُمْ، وَكَانَ ذَلِكَ فِي سَنَةِ ثَلَاثٍ وَسَبْعِينَ وَسِتِّمِائَةٍ، فَقَرَأَ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - فِي الرَّكْعَةِ الْأُولَى سُورَةَ الْمُدَّثِّرِ وَفِي الثَّانِيَةِ عَمَّ يَتَسَاءَلُونَ، فَلَمَّا سَلَّمَ دَعَا بِهَذَا الدُّعَاءِ: اللَّهُمَّ اجْعَلْنَا هُدَاةً مَهْدِيِّينَ غَيْرَ ضَالِّينَ وَلَا مُضِلِّينَ لَا

طَمَعًا فِي بِرِّكَ وَلَا رَغْبَةً فِيمَا عِنْدَكَ لِأَنَّ لَكَ الْمِنَّةَ عَلَيْنَا بِإِيجَادِنَا قَبْلَ أَنْ لَمْ نَكُنْ فَلَكَ الْحَمْدُ عَلَى ذَلِكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ، فَلَمَّا فَرَغَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - سَلَّمَ الْإِمَامُ فَعَقَلْتُ تَسْلِيمَهُ فَسَلَّمْتُ.

তিনি (শাইখ আবদুল গাফ্ফার) আল্ওয়াহীদে আরো উল্লেখ করেছেন: আমি মক্কাতুল মুকাররমায় যাদের সাথে মিলিত হয়েছি তন্মধ্যে শাইখ আব্দুল্লাহ দাল্লাসী আমাকে জানালেন; আমার জীবনে এক ওয়াক্ত নামাজ ছাড়া আর কোন নামাজই বিশুদ্ধ হয় নি। ঐ বিশুদ্ধ নামাজটি হলো- আমি মসজিদে হারামে ফজরের নামাজ আদায় করছিলাম। ইমাম সাহেব তাকবীরে তাহরীমা বাঁধলেন সাথে আমি ও বাঁধলাম। আমাকে অতীন্দ্রিয় সম্মোহনী পেয়ে বসল। দেখছি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইমামতি করছেন। তাঁর পেছনে আছেন আরো দশ ব্যক্তি। আমি তাঁদের সাথে নামাজ আদায় করতে লাগলাম। এটা হল ৬৭৩ হিজরীতে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রথম রাকয়াতে সূরা আল-মুদ্দাসসির ও দ্বিতীয় রাকয়াতে সূরা আম্মা ইয়া তাসাআলুন পাঠ করলেন। সালাম ফিরিয়ে তিনি এ দুয়টি পাঠ করলেন-

اللَّهُمَّ اجْعَلْنَا هُدَاةً مَهْدِيِّينَ غَيْرَ ضَالِّينَ وَلَا مُضِلِّينَ لَا طَمَعًا فِي بِرِّكَ وَلَا رَغْبَةً فِيمَا عِنْدَكَ لِأَنَّ لَكَ الْمِنَّةَ عَلَيْنَا بِإِيجَادِنَا قَبْلَ أَنْ لَمْ نَكُنْ فَلَكَ الْحَمْدُ عَلَى ذَلِكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

হে আল্লাহ তাআলা ! আমাদেরকে করুন সুপথপ্রাপ্ত ও পথ প্রদর্শক, বিপথগামী ও পথভ্রষ্টকারী নয়। প্রত্যাশী নই বরকতের, উৎসাহীও নই যা আপনার কাছে আছে তা পাবার। কেননা আমাদেরকে অস্তিত্বহীন থেকে অস্তিত্বদানের মাঝেই নিহিত রয়েছে আমাদের প্রতি আপনার অপার করুণাধারা। সুতরাং তার জন্যই সব প্রশংসা আপনার, আপনি ব্যতীত কোন ইলাহও নেই। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নামাজ সমাপ্ত করার পর ইমাম সাহেবও সালাম ফেরালেন। আমি তাঁর সালাম শুনে বোধ ফিরে পেলাম ও সালাম ফেরালাম।

শাইখ ছফি উদ্দীন রহ. রহ. এর বক্তব্য

وَقَالَ الشَّيْخُ صفي الدين فِي رِسَالَتِهِ: قَالَ لِي الشَّيْخُ أبو العباس الحرار: دَخَلْتُ عَلَى النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَرَّةً فَوَجَدْتُهُ يَكْتُبُ مَنَاشِيرَ لِلْأَوْلِيَاءِ

بِالْوِلَايَةِ، وَكَتَبَ لِأَخِي محمد مِنْهُمْ مَنْشُورًا قَالَ: وَكَانَ أَخُو الشَّيْخِ كَبِيرًا فِي الْوِلَايَةِ كَانَ عَلَى وَجْهِهِ نُورٌ لَا يَخْفَى عَلَى أَحَدٍ أَنَّهُ وَلِيٌّ، فَسَأَلْنَا الشَّيْخَ عَنْ ذَلِكَ فَقَالَ: نَفَخَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي وَجْهِهِ فَأَثَّرَتِ النَّفْخَةُ هَذَا النُّورَ.

শাইখ ছফি উদ্দীন রহ. তাঁর ছোট্ট পস্তিকায় উল্লেখ করেছেন- আমাকে শাইখ আবুল অব্বাস আল- হার্‌বার রহ. বলেছেন যে, আমি একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এর নিকট উপস্থিত হয়ে দেখতে পেলাম, তিনি আওলিয়ায়ে কেরামের বেলায়েত সংক্রান্ত একটি নির্দেশনামা লিপিবদ্ধ করছেন। আমার শ্রদ্ধেয় ভাই মুহাম্মদও তাঁদেরই একজন। শাইখের এ ভাই ছিলেন বেলায়াতের উচ্চ মক্বামধারী। তাঁর চেহারায় ছিল নূরের চমক। সবারই জানা ছিল যে, তিনি আল্লাহ তাআলার খাঁটি অলী। তাঁর চেহারায় উদ্ভাসিত নূরের আভা সম্পর্কে শাইখে কবীরকে জিজ্ঞেস করা হলে, তিনি বললেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর চেহারায় ফুঁজ দিয়েছিলেন তারই ফল এ নূরের ঝলক।

قَالَ الشَّيْخُ صفي الدين: وَرَأَيْتُ الشَّيْخَ الْجَلِيلَ الْكَبِيرَ أَبَا عَبْدِ اللَّهِ الْقُرْطُبِيَّ أَجَلَّ أَصْحَابِ الشيخ القرشي، وَكَانَ أَكْثَرَ إِقَامَتِهِ بِالْمَدِينَةِ النَّبَوِيَّةِ، وَكَانَ لَهُ بِالنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصْلَةٌ وَأَجْوِبَةٌ وَرَدٌّ لِلسَّلَامِ، حَمَّلَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رِسَالَةً لِلْمَلِكِ الْكَامِلِ، وَتَوَجَّهَ بِهَا إِلَى مِصْرَ وَأَدَّاهَا وَعَادَ إِلَى الْمَدِينَةِ،

শাইখ ছফি উদ্দীন (রাঃ) আরো উল্লেখ করেছেন: মহিমান্বিত শ্রদ্ধেয় শাইখ আবু আব্দুল্লাহ কুরতুবী, যিনি শাইখ কুরাশী রহ.-এর সম্মানিত সহচরগণের অন্যতম, তিনি অধিকাংশ সময় মদীনাতুন নবীতেই (নবী নগরীতে) বসবাস করতেন। তাঁর ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর সাথে গভীর যোগাযোগ, তাঁর (সকল) ক্রিয়া-কর্মের প্রতি ছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর সম্মতি, অনুমোদন। সালাম বিনিময় হতো তাঁদের মধ্যে সতত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি পত্র দিয়ে তাঁকে তৎকালীন মিসরের সম্রাটের নিকট প্রেরণ করেন। তিনি তা সম্রাটের নিকট পৌছে নিকট দিয়ে তৎক্ষনাত মদীনা মুনাওয়ারায় ফেরৎ চলে আসেন।

শাইখ আবুল আব্বাসে আহমাদ রহ. এর ঘটনা

قَالَ: وَمِمَّنْ رَأَيْتُ بِمِصْرَ الشَّيْخَ أبا العباس العسقلاني أَخَصَّ أَصْحَابِ الشيخ القرشي، زَاهِدَ مِصْرَ فِي وَقْتِهِ، وَكَانَ أَكْثَرَ أَوْقَاتِهِ فِي آخِرِ عُمْرِهِ بِمَكَّةَ يُقَالُ أَنَّهُ دَخَلَ مَرَّةً عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَخَذَ اللَّهُ بِيَدِكَ يَا أحمد.وَحُكِيَ عَنْ بَعْضِ الْأَوْلِيَاءِ أَنَّهُ حَضَرَ مَجْلِسَ فَقِيهٍ فَرَوَى ذَلِكَ الْفَقِيهُ حَدِيثًا، فَقَالَ لَهُ الْوَلِيُّ: هَذَا الْحَدِيثُ بَاطِلٌ، فَقَالَ الْفَقِيهُ: وَمِنْ أَيْنَ لَكَ هَذَا؟ فَقَالَ: هَذَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاقِفٌ عَلَى رَأْسِكَ يَقُولُ: إِنِّي لَمْ أَقُلْ هَذَا الْحَدِيثَ، وَكُشِفَ لِلْفَقِيهِ فَرَآهُ،

তিনি বলেন, আমি মিসরে আরো যাদেরকে দেখেছি- তন্মধ্যে শাইখ আবুল আব্বাসে আহমাদ ছিলেন শাইখ কুরাশী রহ. এর খাছ সহচরদের অন্যতম। তাঁর যুগে মিসরে তিনিই সবচেয়ে তাপস ধর্মভীরু হিসেবে বিখ্যাত ছিলেন। তাঁর (আবুল অব্বাস) শেষ জীবনের বেশীরভাগ সময়ই কেটেছে মক্কাতুল মুকাররমায়। বর্ণিত আছে, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট তিনি উপস্থিত হলে তাঁকে বললেন: হে আহমদ ! আল্লাহ তাআলা তোমার হাত ধরে রেখেছেন। (অর্থাৎ তোমার কোন ভয় চিন্তা নেই, আল্লাহ তাআলা সব সময় তোমার সহায়-সাথী)। আরো কোন এক অলীর বিষয়ে বর্ণিত আছে যে, তিনি মুফতীগণের এক মাহফিলে উপস্থিত ছিলেন, মুফতী সাহেব একটি হাদীসের উদ্বৃতি দিলে পর তিনি বললেন, হাদিসটি বাত্বিল হাদীস। মুফতী সাহেব বললেন, আপনি কীভাবে হাদিসটি বাতিল বললেন ? আল্লাহর অলী বললেন, এই দেখুন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আপনার মাথার কাছে দন্ডায়মান, আর বলছেন- এ হাদীসটি আমি বলিনি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দৃশ্যমান হলে পর, মুফতী সাহেবও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখতে পেলেন।

ইবনে ফারেস রহ. এর ঘটনা

وَفِي كِتَابِ الْمِنَحِ الْإِلَهِيَّةِ فِي مَنَاقِبِ السَّادَةِ الْوَفَائِيَّةِ لابن فارس قَالَ :سَمِعْتُ سَيِّدِي عليا - رَضِيَ اللَّهُ عَنْهُ - يَقُولُ: كُنْتُ وَأَنَا ابْنُ خَمْسِ سِنِينَ أَقْرَأُ الْقُرْآنَ عَلَى رَجُلٍ يُقَالُ لَهُ الشَّيْخُ يعقوب، فَأَتَيْتُهُ يَوْمًا فَرَأَيْتُ النَّبِيَّ - صَلَّى

اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَقَظَةً لَا مَنَامًا وَعَلَيْهِ قَمِيصٌ أَبْيَضُ قُطْنٌ ثُمَّ رَأَيْتُ الْقَمِيصَ عَلَيَّ، فَقَالَ لِي :اقْرَأْ، فَقَرَأْتُ عَلَيْهِ سُورَةَ وَالضُّحَى وَأَلَمْ نَشْرَحْ ثُمَّ غَابَ عَنِّي، فَلَمَّا أَنْ بَلَغْتُ إِحْدَى وَعِشْرِينَ سَنَةً أَحْرَمْتُ لِصَلَاةِ الصُّبْحِ بِالْقَرَافَةِ، فَرَأَيْتُ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قُبَالَةَ وَجْهِي فَعَانَقَنِي، وَقَالَ لِي: وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ، فَأُوتِيتُ لِسَانَهُ مِنْ ذَلِكَ الْوَقْتِ. انْتَهَى.

ইবনে ফারেস রহ. - এর আলমিনাহু ইলাহিয়্যাহ ফী মানাক্বিস্ সাদাতিল অফাইয়্যাহ কিতাবে বর্ণিত আছে; তিনি বলেন, আমারা সাইয়্যেদ আলী রহ. হতে শুনেছি, তিনি বলেছেন, আমার বয়স তখন সবে মাত্র পাঁচ বৎসর। আমি এক ওস্তাদের নিকট কুরআন মজীদ পড়া শুরু করেছি। তাঁর নাম শাইখ ইয়াকুব। একদিন আমি তাঁর কাছে পড়তে এসে ঘুমে নয় জাগ্রত অবস্থায়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখতে পেলাম। একটি সুতীর ধবধবে সাদা জামা গায়ে জড়ানো। পর মুহূর্তে দেখলাম সে জামাটি আমার গায়ে জড়ানো। তিনি আমাকে বললেন: পড়ো, আমি সূরা অদ্দুহা ও সূরা আলাম নাশরাহ পাঠ করলাম। আমার কাছে থেকে তিনি অদৃশ্য হয়ে গেলেন। আমার বয়স যখন একুশ বৎসরে পৌঁছল, তখন আমি কুরাফায় ফজরের নামাজের নিয়্যত করি এবং আমার সম্মুখে তাঁকে (সা:) দেখতে পাই। তিনি (সা.) আমাকে বলছেন: "তুমি তোমার রবের নেয়ামতের আলোচনা করো"। ঐ সময় হতেই তাঁর জবান মুবারক আমাকে দেয়া হলো। (অর্থাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জবান মুবারকের তিলাওয়াতের মধুরতা আমাকে দান করা হলো।

সাইয়্যেদ আহ্মদ রেফাঈ রহ. এর ঘটনা

وَفِي بَعْضِ الْمَجَامِيعِ: حَجَّ سَيِّدِي أحمد الرفاعي فَلَمَّا وَقَفَ تُجَاهَ الْحُجْرَةِ الشَّرِيفَةِ أَنْشَدَ:

فِي حَالَةِ الْبُعْدِ رُوحِي كُنْتُ أُرْسِلُهَا ... تُقَبِّلُ الْأَرْضَ عَنِّي فَهْيَ نَائِبَتِي
وَهَذِهِ نَوْبَةُ الْأَشْبَاحِ قَدْ حَضَرَتْ ... فَامْدُدْ يَمِينَكَ كَيْ تَحْظَى بِهَا شَفَتِي

আরো বর্ণিত আছে: একবার বহু লোকজনই সাইয়্যেদ আহ্মদ রেফাঈ (রাঃ) হজ্জে গমন করেন। যখন তিনি রওজা মুবারকের হুজরা শরীফের সামনাসামনি দাঁড়িয়ে কবিতার এ কয় লাইন পাঠ করেন:

১। দূরে থাকাবস্থায় আমার আত্মা পাঠিয়ে দিতাম। এ পবিত্র ভূ-খন্ড তা আমার প্রতিনিধি হয়ে কবুল করতো।

২। এবারতো মহান দরজায় উপস্থিত হয়েছি, তাই আপনার ডান হস্ত মুবারক বাড়িয়ে দিন, যেন আমার ঠোঁট মর্যাদাবান হতে পারে। এতটুকু বলার সাথে সাথেই হস্ত মুবারক ক্ববর শরীফ হতে বেরিয়ে এলো। আর তা তিনি চুম্বন করে ধন্য হলেন।

শাইখ বুরহান উদ্দীন আল বুক্বায়ী রহ.এর বক্তব্য

فَخَرَجَتِ الْيَدُ الشَّرِيفَةُ مِنَ الْقَبْرِ الشَّرِيفِ فَقَبَّلَهَا، وَفِي مُعْجَمِ الشَّيْخِ برهان الدين البقاعي قَالَ: حَدَّثَنِي الْإِمَامُ أبو الفضل بن أبي الفضل النويري أَنَّ السيد نور الدين الإيجي وَالِدَ الشريف عفيف الدين لَمَّا وَرَدَ إِلَى الرَّوْضَةِ الشَّرِيفَةِ وَقَالَ :السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ، سَمِعَ مَنْ كَانَ بِحَضْرَتِهِ قَائِلًا مِنَ الْقَبْرِ يَقُولُ: وَعَلَيْكَ السَّلَامُ يَا وَلَدِي، وَقَالَ الْحَافِظُ محب الدين بن النجار فِي تَارِيخِهِ: أَخْبَرَنِي أبو أحمد داود بن علي بن هبة الله بن المسلمة أَنَا أبو الفرح المبارك بن عبد الله بن محمد بن النقور قَالَ :حَكَى شَيْخُنَا أبو نصر عبد الواحد بن عبد الملك بن محمد بن أبي سعد الصوفي الكرخي قَالَ: حَجَجْتُ وَزُرْتُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَيْنَا أَنَا جَالِسٌ عِنْدَ الْحُجْرَةِ إِذْ دَخَلَ الشَّيْخُ أبو بكر الدياربكري وَوَقَفَ بِإِزَاءِ وَجْهِ النَّبِيِّ -صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: السَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ اللهِ، فَسَمِعْتُ صَوْتًا مِنْ دَاخِلِ الْحُجْرَةِ: وَعَلَيْكَ السَّلَامُ يَا أَبَا بَكْرٍ، وَسَمِعَهُ مَنْ حَضَرَ.

শাইখ বুরহান উদ্দীন আলবুক্বায়ী তাঁর মুয়জামে বর্ণনা করেছেন- আমাকে ইমাম আবুল ফদ্বল ইবনে আননুআইরী বলেছেন যে, শরীফ আফীফ উদ্দিনের পিতা সাইয়্যেদ নুরুদ্দীন আইজী যখন রওজা মুবারকে উপস্থিত হয়ে সালাম পেশ করলেন-

السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ"

হে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ! আপনার প্রতি সালাম, আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হউক। তাঁর সঙ্গে উপস্থিত সকলে শুনতে পেলেন, ক্ববর শরীফ হতে জবাবে বলা হলো- وَعَلَيْكَ السَّلَامُ يَا وَلَدِي " (হে আমার প্রিয় বৎস ! তোমার প্রতিও অনুরূপ সালাম। হাফেজ মুহিব্ব উদ্দীন ইবনে নাজ্জার তদীয় ইতিহাস গ্রন্থে বিশুদ্ধ বর্ণনাসূত্রে উল্লেখ করেছেন যে, আমাকে আবু আহ্‌মাদ দাউদ ইবনে হেবাতুল্লাহ রহ. বলেছেন- আমাকে বলেছেন আবুল ফারাজ মুবারক ইবনে আব্দুল্লাহ ইবনে মুহাম্মদ ইবনে আন্নাক্কুর আর আমাদেরকে বিষয়টি জানিয়েছেন আমাদের শাইখ আবু নছর আবদুল ওয়াহিদ ইবনে আবদুল মালিক ইবনে মুহাম্মদ ইবনে আবু সাআদ আচ্ছুফী আল-কুরখী। তিনি বলেন, হজ্জ সমাপনান্তে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর যিয়ারত সমাপ্ত করে হুজরা মুবারকের পার্শ্বে আমি বসলাম। এমতাবস্থায় হঠাৎ হুজরা মুবারকের নিকট উপস্থিত হলেন- শাইখ আবু বকর দিয়ার বাক্‌রী রহ. তিনি হুজরা মুবারকের পার্শে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চেহারা মুবারক বরাবর দাঁড়িয়ে গেলেন ও বললেন:

السَّلَامُ عَلَيْكَ يَا رَسُولَ اللهِ"

হে আল্লাহর রসূল আপনাকে সালাম। শুনতে পেলাম, হুজরা শরীফের ভিতর হতে উচ্চ আওয়াজে ভেঁসে এলো-

وَعَلَيْكَ السَّلَامُ يَا أَبَا بَكرٍ

হে আবু বকর! তোমাকে সালাম। সেখানে উপস্থিত সবাই তা শুনেছে।

ইমাম শামসুদ্দীন মুহাম্মদ ইবনে মূসা ইবনে নু'মান রহ.এর বক্তব্য

وَفِي كِتَابِ مِصْبَاحِ الظَّلَامِ فِي الْمُسْتَغِيثِينَ بِخَيْرِ الْأَنَامِ للإمام شمس الدين محمد بن موسى بن النعمان قَالَ: سَمِعْتُ يوسف بن علي الزناني يَحْكِي عَنِ امْرَأَةٍ هَاشِمِيَّةٍ كَانَتْ مُجَاوِرَةً بِالْمَدِينَةِ، وَكَانَ بَعْضُ الْخُدَّامِ يُؤْذِيهَا، قَالَتْ : فَاسْتَغَثْتُ بِالنَّبِيِّ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَسَمِعْتُ قَائِلًا مِنَ الرَّوْضَةِ يَقُولُ: أَمَا لَكِ فِيَّ أُسْوَةٌ؟ فَاصْبِرِي كَمَا صَبَرْتُ، أَوْ نَحْوَ هَذَا، قَالَتْ: فَزَالَ عَنِّي مَا كُنْتُ فِيهِ وَمَاتَ الْخُدَّامُ الثَّلَاثَةُ الَّذِينَ كَانُوا يُؤْذُونَنِي، وَقَالَ ابن السمعاني فِي الدَّلَائِلِ: أَخْبَرَنَا أبو بكر هبة الله بن الفرج أَخْبَرَنَا أبو القاسم يوسف بن

لَأَجِدُ بَرْدَهُ بَيْنَ ثَدْيَيَّ وَبَيْنَ كَتِفَيَّ، فَقَالَ: إِنْ شِئْتَ نُصِرْتَ عَلَيْهِمْ، وَإِنْ شِئْتَ أَفْطَرْتَ عِنْدَنَا، فَاخْتَرْتُ أَنْ أُفْطِرَ عِنْدَهُ، فَقُتِلَ ذَلِكَ الْيَوْمَ. انْتَهَى.

এরপর আমি আরও দেখতে পেলাম ইমাম ইমাদ উদ্দীন ইসমাঈল ইবনে হিবাতুল্লাহ ইবনে বাত্বিসের "মুজিলুশ শুবুহাত ফী ইসবাতিল কারামাতে যার মূল বক্তব্য এই: তাবেইও তৎপরবর্তীদের বর্ণীত হাদিস ও ঘটনাবলীর মধ্যেই বর্তমান রয়েছে। তন্মধ্যে হযরত আবু বকর ছিদ্দীক্ব (রাঃ)-এর নির্দেশনাটি উল্লেখযোগ্য। তিনি মা আয়েশা (রাঃ) কে বলেছিলেন, তারা তোমার দুভাই ও দুবোন। (আমার অবর্তমানে তুমি তাদেরকে দেখা শোনা করো।) তিনি বললেন, আমার দুভাইতো মুহাম্মদ ও আবদুল রহমান এবং একমাত্র বোন আসমা। আর বোন কোথায় ? তিনি বললেন, তোমার মায়ের পেটে যে আগুন্তক বাচ্চা রয়েছে তা মেয়ে হবে বলে আমার হৃদয়ে ঢেলে দেয়া হয়েছে। এর পরই উম্মে কুলসুমের জন্ম হয়। (প্রমাণিত হলো হযরতের ছিদ্দীকে আকবরের কথা সত্য বটে।) এটা ওনার কারামত ছাড়া অন্য কিছুই নয়। বর্তমানে এ ঘটনাটি হযরত ওমর ইবনে খাত্ত্বাব (রাঃ)-এর দ্বারা সংঘটিত। তিনি মসজিদে নববীতে খুৎবারত অবস্থায় নাহাওয়ান্দে যুদ্ধরত সেনা বাহিনীকে নির্দেশ দিচ্ছিলেন, হে সেনাদল। পাহাড়ের পাদদেশ, পাহাড়ের পাদদেশ। আল্লাহ তাআলা সে নির্দেশ নাহাওয়ান্দে সেনাদলকে জানিয়ে দিলেন। তাঁরই অন্য আরো একটা ঘটনা। মিসরের নীল নদকে পত্র প্রেরণ করে পানি প্রবাহের নির্দেশ প্রদান। পানি প্রবাহ বন্ধের পর তার রব-এর নির্দেশে তা পুনরায় চালু হয় (এসব হযরত ফারুক্বে আজমের কারামত। যা অস্বীকার করার কোন উপায় নেই)। সাহাবায়ে কেরামের মধ্যে আরো যাঁদের কারামাত প্রকাশিত হয়েছে তাঁদের মধ্যে হযরত ওসমান (রাঃ) ও একজন। হযরত আব্দুল্লাহ ইবনে সালাম (রাঃ) বলেন, আমি হযরত ওসমান (রাঃ)-কে সালাম জানাতে তাঁর কাছে উপনীত হলাম। তিনি তখন অবরুদ্ধ অবস্থায়। তিনি বললেন, স্বাগতম হে ভ্রাতা ! আমি এ ছোট্ট জানালায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখলাম। তিনি বললেন: হে ওসমান তোমাকে তারা অবরুদ্ধ করে রেখেছে ? বলালাম: জী হ্যাঁ। আমাকে বললেন: তোমাকে তারা তৃঞ্চায় ফেলে দিয়েছে ? বললাম: জী হ্যাঁ। তখন তিনি আমার দিকে পানিপূর্ণ একটি বালতি এগিয়ে ধরলেন। আমি তা হতে পানি পান করে তৃপ্ত হলাম। এমন কী আমি আমার বক্ষদেশে ও পৃষ্টদেশে তার ঠান্ডা অনুভব করছি। তারপর বললেন, তুমি যদি চাও তাদের বিপক্ষে আমি তোমাকে সাহায্য করব অথবা তুমি চাইলে আমার সাথে আজ ইফতার করতে পার। আমি তাঁর সাথে ইফতার করাকেই বেছে নিলাম। ঐ দিনই তিনি শাহাদাত বরণ করেন।

হযরত ওসমান (রাঃ)- এর ঘটনা

وَهَذِهِ الْقِصَّةُ مَشْهُورَةٌ عَنْ عثمان مُخَرَّجَةٌ فِي كُتُبِ الْحَدِيثِ بِالْإِسْنَادِ أَخْرَجَهَا الحارث بن أبي أسامة فِي مُسْنَدِهِ وَغَيْرُهُ، وَقَدْ فَهِمَ الْمُنْصِفُ مِنْهَا أَنَّهَا رُؤْيَةُ يَقَظَةٍ، وَإِنْ لَمْ يَصْلُحْ عَدُّهَا فِي الْكَرَامَاتِ؛ لِأَنَّ رُؤْيَةَ الْمَنَامِ يَسْتَوِي فِيهَا كُلُّ أَحَدٍ، وَلَيْسَتْ مِنَ الْخَوَارِقِ الْمَعْدُودَةِ فِي

الْكَرَامَاتِ وَلَا يُنْكِرُهَا مَنْ يُنْكِرُ كَرَامَاتِ الْأَوْلِيَاءِ، وَمِمَّا ذَكَرَهُ ابن باطيس فِي هَذَا الْكِتَابِ قَالَ: وَمِنْهُمْ أَبُو الْحُسَيْنِ مُحَمَّدُ بْنُ سَمْعُونَ الْبَغْدَادِيُّ الصُّوفِيُّ، قَالَ أبو طاهر محمد بن علي العلان: حَضَرْتُ أَبَا الْحُسَيْنِ بْنَ سَمْعُونَ يَوْمًا فِي مَجْلِسِ الْوَعْظِ وَهُوَ جَالِسٌ عَلَى كُرْسِيِّهِ يَتَكَلَّمُ فَكَانَ أَبُو الْفَتْحِ الْقَوَّاسُ جَالِسًا إِلَى جَنْبِ الْكُرْسِيِّ فَغَشِيَهُ النُّعَاسُ وَنَامَ، فَأَمْسَكَ أبو الحسين سَاعَةً عَنِ الْكَلَامِ حَتَّى اسْتَيْقَظَ أبو الفتح وَرَفَعَ رَأْسَهُ، فَقَالَ لَهُ أبو الحسين: رَأَيْتَ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي نَوْمِكَ؟ قَالَ: نَعَمْ، قَالَ أبو الحسين: لِذَلِكَ أَمْسَكْتُ عَنِ الْكَلَامِ خَوْفَ أَنْ تَنْزَعِجَ وَيَنْقَطِعَ مَا كُنْتَ فِيهِ، فَهَذَا يُشْعِرُ بِأَنَّ ابْنَ سَمْعُونَ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقَظَةً لَمَّا حَضَرَ وَرَآهُ أبو الفتح فِي نَوْمِهِ،

হযরত ওসমান (রাঃ)- এর ঘটনাটি খুবই বিখ্যাত ঘটনা। বহু হাদীসের কিতাবে বিশুদ্ধ সনদসহ তা উল্লেখ করা হয়েছে। ইমাম হারিস ইবনে ইসামা রহ. তাঁর মুসনাদে এবং অন্যান্যরা নিজ নিজ কিতাবে সংকলন করেছেন। সংকলক নিশ্চিৎ হয়েছেন যে, এ দেখা হলো জাগ্রত অবস্থায় এবং এ ঘটনাকে কারামাতের মধ্যে অন্তর্ভুক্ত করাই সঙ্গত। কেননা স্বপ্নে দেখার ব্যাপারে সবাই এক ও এটি স্বভাব বিরুদ্ধে অলৌকিক ঘটনা হিসেবে গণ্য হয় না। এ কথা কারামতে অবিশ্বাসীরাও অস্বীকার করতে পারে না। ইবনে বাত্বিস তাঁর এ কিতাবে আরো যাদের আলোচনা করেছেন তাদের মধ্যে রয়েছেন হযরত আবুল হোসাইন ইবনে সামউন বাগদাদী ছুফী। আবু ত্বাহের মুহাম্মদ ইবনে আলী আল আল-আলান বলেন, হযরত আবুল হোসাইন ইবনে সামউন রহ. এর মাহ্ফিলে একদা উপস্থিত হয়ে দেখি তিনি চেয়ারে বসে আলোচনা করছেন। আর তাঁর চেয়ারের পাশেই বসা আবুল ফতহ-ক্বওয়াস। তাঁকে তন্দ্রা আচ্ছন্ন করে ফেলে, এরপর তিনি আস্তে

আস্তে ঘুমিয়ে পড়েন। সাথে সাথে আবুল হোসাই রহ. আলোচনা বন্ধ করে দেন। আবুল ফত্হ রহ. ঘুম হতে না জাগা পর্যন্ত আলোচনা বন্ধই রাখলেন। ঘুম হতে জাগ্রত হয়ে মাথা উত্তোলন করার পরপরই আবুল হোসাইন ঘুমের মাঝে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন? তিনি বললেন, হ্যাঁ। আবুল হোসাইন বললেন, একারণেই আমি আমার আলোচনা বন্ধ রেখে ছিলাম যেন তা বিরক্তির কারণ ও আপনার এ (পবিত্র ও শুভ) অবস্থার পরিসমাপ্তি না ঘটায়। এদ্বারা প্রমাণিত হয় যে, ইবনে সামউন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছেন জাগ্রত অবস্থায়, যখন তিনি সেখানে উপস্থিত হন। আর আবুল ফতেহ দেখেছেন (একই সময়ে) স্বপ্নে।

আবু বকার আবইয়াদ্ব রহ.এর বক্তব্য

وَقَالَ أبو بكر بن أبيض فِي جُزْئِهِ: سَمِعْتُ أَبَا الْحَسَنِ بَنَانًا الْحَمَّالَ الزَّاهِدَ يَقُولُ: حَدَّثَنِي بَعْضُ أَصْحَابِنَا قَالَ: كَانَ بِمَكَّةَ رَجُلٌ يُعْرَفُ بابن ثابت قَدْ خَرَجَ مِنْ مَكَّةَ إِلَى الْمَدِينَةِ سِتِّينَ سَنَةً لَيْسَ إِلَّا لِلسَّلَامِ عَلَى رَسُولِ اللهِ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَيَرْجِعُ، فَلَمَّا كَانَ فِي بَعْضِ السِّنِينَ تَخَلَّفَ لِشُغْلٍ أَوْ سَبَبٍ فَقَالَ: بَيْنَا هُوَ قَاعِدٌ فِي الْحُجْرَةِ بَيْنَ النَّائِمِ وَالْيَقْظَانِ إِذْ رَأَى النَّبِيَّ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَهُوَ يَقُولُ: يَا ابن ثابت لَمْ تَزُرْنَا فَزُرْنَاكَ.

আবু বকার আবইয়াদ্ব তার সংক্ষিপ্ত আলোচনায় বলেছেন, হতদরিদ্র সাধক আবুল হাসান বান্নান হতে শুনেছি, তিনি আমাকে আমার কোন এক সাথী হাদীসটি বর্ণনা করেছেন, তিনি বলেন, মক্কায়ে মুয়াজ্জমায় ইবনে সাবেত নামে বিখ্যাত এক ব্যক্তি ছিল। সে শুধু মাত্র রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সালাম জানাবার জন্য (অন্য কোন উদ্দেশ্য নয়) ষাট বৎসর মাক্কা শরীফ হতে মদীনা শরীফ যাওয়া-আসা করেছেন। এক বৎসর কাজের ব্যস্ততায় অথবা বিশেষ কারণ বশতঃ তিনি যেতে পারেন নি। তিনি তাঁর কামরায় ঘুম ও নিদ্রার মাঝামাঝি অবস্থায় বসা আছেন এমন সময় হঠাৎ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখতে পান। তিনি বলছেন, হে ইবনে সাবেত! কেন তুমি আমার যিয়ারতে আসনা? তুমি যিয়ারতে আসলেতো আমিও তোমাকে যিয়ারত করতে পারি।

জ্ঞাতব্য বিষয়াদি:

تَنْبِيهَاتٌ :الْأَوَّلُ: أَكْثَرُ مَا تَقَعُ رُؤْيَةُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْيَقَظَةِ بِالْقَلْبِ ثُمَّ يَتَرَقَّى إِلَى أَنْ يُرَى بِالْبَصَرِ، وَقَدْ تَقَدَّمَ الْأَمْرَانِ فِي كَلَامِ الْقَاضِي أَبِي بَكْرِ بْنِ الْعَرَبِيِّ، لَكِنْ لَيْسَتِ الرُّؤْيَةُ الْبَصَرِيَّةُ كَالرُّؤْيَةِ الْمُتَعَارَفَةِ عِنْدَ النَّاسِ مِنْ رُؤْيَةِ بَعْضِهِمْ لِبَعْضٍ، وَإِنَّمَا هِيَ جَمْعِيَّةٌ حَالِيَّةٌ وَحَالَةٌ بَرْزَخِيَّةٌ وَأَمْرٌ وُجْدَانِيٌّ لَا يُدْرِكُ حَقِيقَتَهُ إِلَّا مَنْ بَاشَرَهُ، وَقَدْ تَقَدَّمَ عَنِ الشَّيْخِ عبد الله الدلاصي، فَلَمَّا أَحْرَمَ الْإِمَامُ وَأَحْرَمْتُ أَخَذَتْنِي أَخْذَةٌ فَرَأَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَأَشَارَ بِقَوْلِهِ أَخْذَةٌ إِلَى هَذِهِ الْحَالَةِ.

জ্ঞাতব্য বিষয়াদি: (১)

অধিকাংশ সময় আত্মিকভাবেই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জাগ্রত অবস্থায় দেখার ঘটনা ঘটে থাকে। তারপর উন্নতি হতে থাকে ও দেখতে পায় তাঁকে বাহ্যিক চোখ দিয়ে। অন্তশ্চক্ষু ও বাহ্যিক চক্ষু দ্বারা দেখা, এ দু'টি বিষয়ই কাজী আবু বকর ইবনে আরাবীর আলোচনায় পূর্বে উল্লেখিত হয়েছে। তবে চোখের এমন দেখা নয়, যা সর্বসাধারণ পরস্পরকে দেখার দ্বারা বুঝে থাকে। বরং এখানে চোখে দেখা বলতে বুঝায়-একই অবস্থাগত মিলন, বরজখের অবস্থা ও ভাবোদ্দীপক অবস্থার মিলন, যার বাস্তবতা ভুক্তভোগী ছাড়া অপর কেউ উপলব্ধি করতে পারে না। আব্দুল্লাহ দাল্লাসীর বক্তব্য আগেই আলোচিত হয়েছে । তিনি বলেছেন, ইমাম ইহ্রাম বাঁধার পর আমি ও ইহ্রাম বাঁধলাম, এমন সময় আমাকে অতীন্দ্রিয় সম্মোহনী পেয়ে বসলে । আর আমি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখতে পেলাম। তিনি তাঁর কথার দ্বারা ইঙ্গিত করেছেন, যে অবস্থার দিকে তাকে নেয়া হয়েছিল সে (অতীন্দ্রিয় সম্মোহনী) অবস্থার দিকে।

জ্ঞাতব্য বিষয়াদি: (২)

الثَّانِي :هَلِ الرُّؤْيَةُ لِذَاتِ الْمُصْطَفَى - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِجِسْمِهِ وَرُوحِهِ أَوْ لِمِثَالِهِ؟ الَّذِينَ رَأَيْتُهُمْ مِنْ أَرْبَابِ الْأَحْوَالِ يَقُولُونَ بِالثَّانِي وَبِهِ صَرَّحَ الْغَزَالِيُّ فَقَالَ: لَيْسَ الْمُرَادُ أَنَّهُ يَرَى جِسْمَهُ وَبَدَنَهُ بَلْ مِثَالًا لَهُ صَارَ ذَلِكَ الْمِثَالُ آلَةً يَتَأَدَّى بِهَا الْمَعْنَى الَّذِي فِي نَفْسِهِ، قَالَ: وَالْآلَةُ تَارَةً تَكُونُ حَقِيقَةً وَتَارَةً تَكُونُ خَيَالِيَّةً، وَالنَّفْسُ غَيْرُ الْمِثَالِ الْمُتَخَيَّلِ، فَمَا رَآهُ مِنَ الشَّكْلِ

لَيْسَ هُوَ رُوحَ الْمُصْطَفَى وَلَا شَخْصَهُ بَلْ هُوَ مِثَالٌ لَهُ عَلَى التَّحْقِيقِ، قَالَ: وَمِثْلُ ذَلِكَ مِنْ يَرَى اللَّهَ تَعَالَى فِي الْمَنَامِ فَإِنَّ ذَاتَهُ مُنَزَّهَةٌ عَنِ الشَّكْلِ وَالصُّورَةِ، وَلَكِنْ تَنْتَهِي تَعْرِيفَاتُهُ إِلَى الْعَبْدِ بِوَاسِطَةِ مِثَالٍ مَحْسُوسٍ مِنْ نُورٍ أَوْ غَيْرِهِ، وَيَكُونُ ذَلِكَ الْمِثَالُ حَقًّا فِي كَوْنِهِ وَاسِطَةً فِي التَّعْرِيفِ فَيَقُولُ الرَّائِي: رَأَيْتُ اللَّهَ فِي الْمَنَامِ، لَا يَعْنِي أَنِّي رَأَيْتُ ذَاتَ اللَّهِ كَمَا تَقُولُ فِي حَقِّ غَيْرِهِ. انْتَهَى.

জ্ঞাতব্য বিষয়াদি: (২)

সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখা বলতে কী তাঁকে দেহ ও রূহসহ দেখা, অথবা তাঁর উপমা বা প্রতিচ্ছবি দেখা? আমার পরিচিত আধ্যাত্মিক ক্ষমতা সম্পন্ন বক্তিগণের অনেকের বক্তব্য হলো দ্বিতীয়টি। এ বিষয়টি খোলাসা করে তুলে ধরেছেন ইমাম গাজ্জালী রহ. । তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখার মর্ম-তাঁর দেহ ও শরীর দেখা নয় । বরং তা হলো তাঁর উপমা বা প্রতিচ্ছবি। এ উপমায় পরিণত হওয়া এ জন্য যে, তা তাঁকে পৌঁছে দেবে এমন তাৎপর্যের দিকে যা তাঁর মধ্যে বিদ্যমান। আর এ তাৎপর্য কখনো হয় সত্তাগত আবার কখনো হয় কল্পনা প্রসূত। আত্মা কাল্পনিক উপমার বাহিরে। অতএব সে যে প্রতিচ্ছবি ও আকৃতি দেখে তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আসল আত্মা বা দেহ মুবারক নয়। আবশ্যই তা হল তাঁর উপমা বা প্রতিচ্ছবি। তিনি বলেন এ উদাহরণ হলো: কেউ হয়ত আল্লাহ তাআলাকে স্বপ্নে দেখার। আল্লাহর সত্তা আকৃতি ও ছবি- ছুবুত হতে পবিত্র। কিন্তু বান্দার কাছে তাঁর পরিচিতি প্রতিভাত হয়, তাঁর নূর বা দ্বিতীয় কিছুর উপলব্ধিযোগ্য উপমার মাধ্যমে। আর সে উপমাটি সঠিক হয়, তাঁর পরিচিতির মাধ্যম হবার কারণে। বিধায় স্বপ্নদ্রষ্টা বলে আমি আল্লাহ তাআলাকেই স্বপ্নে দেখেছি। এ দেখা দ্বারা আল্লাহ তাআলার মূল সত্তাকে দেখেছে বুঝায় না। যেমন তুমি অন্য বিষয়েও অনুরূপ বলে থাক।

ক্বাজী আবু বকর ইবনে আরাবী রহ. এর বক্তব্য

وَفَصَّلَ الْقَاضِي أَبُو بَكْرِ بْنُ الْعَرَبِيِّ فَقَالَ: رُؤْيَةُ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بِصِفَتِهِ الْمَعْلُومَةِ إِدْرَاكٌ عَلَى الْحَقِيقَةِ، وَرُؤْيَتُهُ عَلَى غَيْرِ صِفَتِهِ إِدْرَاكٌ لِلْمِثَالِ، وَهَذَا الَّذِي قَالَهُ فِي غَايَةِ الْحُسْنِ، وَلَا يَمْتَنِعُ رُؤْيَةُ ذَاتِهِ الشَّرِيفَةِ

بِجَسَدِهِ وَرُوحِهِ، وَذَلِكَ لِأَنَّهُ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَسَائِرَ الْأَنْبِيَاءِ أَحْيَاءٌ رُدَّتْ إِلَيْهِمْ أَرْوَاحُهُمْ بَعْدَ مَا قُبِضُوا وَأُذِنَ لَهُمْ بِالْخُرُوجِ مِنْ قُبُورِهِمْ وَالتَّصَرُّفِ فِي الْمَلَكُوتِ الْعُلْوِيِّ وَالسُّفْلِيِّ، وَقَدْ أَلَّفَ الْبَيْهَقِيُّ جُزْءًا فِي حَيَاةِ الْأَنْبِيَاءِ، وَقَالَ فِي دَلَائِلِ النُّبُوَّةِ :الْأَنْبِيَاءُ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ كَالشُّهَدَاءِ؛ وَقَالَ فِي كِتَابِ الِاعْتِقَادِ: الْأَنْبِيَاءُ بَعْدَ مَا قُبِضُوا رُدَّتْ إِلَيْهِمْ أَرْوَاحُهُمْ فَهُمْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ كَالشُّهَدَاءِ،

অপরদিকে ক্বাজী আবু বকর ইবনে আরাবী বিষয়গুলোকে পৃথক পৃথক করে স্পষ্টভাবে তুলে ধরেছেন: তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে তাঁর সুপরিচিত গুনাবলীসহ দেখা-তাঁর মূল সত্তাকেই পাওয়া ও অনুধাবন করা বুঝায়। আর কাঁর সুবিদিত গুণাবলীবিহীন দেখাকে বলা হয় উপমা-উপলব্ধি করা, দেখা। এভাবে যারা বলেছেন তাদের বক্তব্যই চূড়ান্ত সুন্দর। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মুবারক সত্তা তথা আত্মা ও রূহসহ দেখায় কোন বাধা-নিষেধ নেই । রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও সকল নবীগণই (আঃ) জীবিত। তাদের রূহ মুবারক ক্বজ করার পর আবার তাঁদেরকে ফেরৎ দেয়া হয়েছে। এবং তাঁদেরকে ক্ববর থেকে বের হবার, উর্ধ্ব ও নিম্ন জগতে পরিপূর্ণ কর্তৃত্ব বাস্তবায়নের অনুমতি দেয়া হয়েছে। ইমাম বায়হাক্বী রহ. নবীদের জীবন সম্পর্কে আলাদা এক খন্ড কিতাব রচনা করেছেন। দালায়েলুন্ নুবুওয়াতে বলেছেন, শহীদগণের মত নবীগণও তাঁদের রবের নিকট জীবিত। আর আল-ইতিক্বাদ কিতাবে বলেছেন, নবীগণের রূহ ক্ববজ করার পর আবার তাঁদেরকে তা ফেরৎ দেয়া হয়েছে তাঁরা শহীদদের মতই তাঁদের রবের নিকট জীবিত।

আবু আব্দুল ক্বাহের ইবনে ত্বাহের বাগদাদী রহ.এর বক্তব্য

وَقَالَ الْأُسْتَاذُ أَبُو مَنْصُورٍ عَبْدُ الْقَاهِرِ بْنُ طَاهِرٍ الْبَغْدَادِيُّ: قَالَ الْمُتَكَلِّمُونَ الْمُحَقِّقُونَ مِنْ أَصْحَابِنَا أَنَّ نَبِيَّنَا - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - حَيٌّ بَعْدَ وَفَاتِهِ وَأَنَّهُ يُبَشَّرُ بِطَاعَاتِ أُمَّتِهِ وَيَحْزَنُ بِمَعَاصِي الْعُصَاةِ مِنْهُمْ، وَأَنَّهُ تَبْلُغُهُ صَلَاةُ مَنْ يُصَلِّي عَلَيْهِ مِنْ أُمَّتِهِ، وَقَالَ: إِنَّ الْأَنْبِيَاءَ لَا يَبْلُونَ وَلَا تَأْكُلُ الْأَرْضُ مِنْهُمْ شَيْئًا، وَقَدْ مَاتَ مُوسَى فِي زَمَانِهِ فَأَخْبَرَ نَبِيُّنَا - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - أَنَّهُ

رَآهُ فِي قَبْرِهِ مُصَلِّيًا، وَذَكَرَ فِي حَدِيثِ الْمِعْرَاجِ أَنَّهُ رَآهُ فِي السَّمَاءِ الرَّابِعَةِ وَرَأَى آدَمَ وَإِبْرَاهِيمَ، وَإِذَا صَحَّ لَنَا هَذَا الْأَصْلُ قُلْنَا: نَبِيُّنَا - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَدْ صَارَ حَيًّا بَعْدَ وَفَاتِهِ وَهُوَ عَلَى نُبُوَّتِهِ. انْتَهَى،

উস্তাজ আবু আব্দুল ক্বাহের ইবনে ত্বাহের বাগদাদী বলেন: আমাদের যারা ধর্মীয় বিষয়াদির পরীক্ষক-নীতিনির্ধারক-পন্ডিত তারা বলেন, আমাদের নবী অফাতের পরও জীবিত এবং তিনি উম্মতের নেক কাজে পুলকিত-আনন্দিত হন। আর অপকর্মে হন ব্যথিত-দুঃখিত। তাঁকে তাঁর উম্মতের দরূদ ও সালাম পৌঁছানো হয়। আরো বলেন, নবীগণ (আঃ) ক্ববরে কোন পরীক্ষার সম্মুখীন হন না এবং মাঁটি তাদের দেহ মুবারকের কোন অংশ খেতেও পারে না। হযরত মূসা (আঃ) অবশ্য তাঁর নিজ যুগেই ইন্তেক্বাল করেছেন অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানিয়ে দিলেন-তাঁকে তাঁর ক্ববরে নামাজরত অবস্থায় তিনি দেখেছেন। মে'রাজের হাদীসে উল্লেখ করেছেন যে, তাঁকে চতুর্থ আসমানে দেখেছেন। দেখেছেন আদম (আঃ) ও ইব্রাহীম (আঃ) কে। এ মৌল নীতি যদি বিশুদ্ধ-বিশ্বাস্য হয়, তবে আমরা বলবো-আমাদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তিরোধানের পর জীবিত এবং তাঁর নবুওয়াতের দায়িত্ব পালনে রত।

ইমাম কুরতুবী রহ. এর বক্তব্য

وَقَالَ القرطبي فِي التَّذْكِرَةِ فِي حَدِيثِ الصَّعْقَةِ نَقْلًا عَنْ شَيْخِهِ: الْمَوْتُ لَيْسَ بِعَدَمٍ مَحْضٍ، وَإِنَّمَا هُوَ انْتِقَالٌ مِنْ حَالٍ إِلَى حَالٍ، وَيَدُلُّ عَلَى ذَلِكَ أَنَّ الشُّهَدَاءَ بَعْدَ قَتْلِهِمْ وَمَوْتِهِمْ أَحْيَاءٌ يُرْزَقُونَ فَرِحِينَ مُسْتَبْشِرِينَ، وَهَذِهِ صِفَةُ الْأَحْيَاءِ فِي الدُّنْيَا، وَإِذَا كَانَ هَذَا فِي الشُّهَدَاءِ فَالْأَنْبِيَاءُ أَحَقُّ بِذَلِكَ وَأَوْلَى، وَقَدْ صَحَّ أَنَّ الْأَرْضَ لَا تَأْكُلُ أَجْسَادَ الْأَنْبِيَاءِ، وَأَنَّهُ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - اجْتَمَعَ بِالْأَنْبِيَاءِ لَيْلَةَ الْإِسْرَاءِ فِي بَيْتِ الْمَقْدِسِ وَفِي السَّمَاءِ وَرَأَى مُوسَى قَائِمًا يُصَلِّي فِي قَبْرِهِ، وَأَخْبَرَ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - أَنَّهُ يَرُدُّ السَّلَامَ عَلَى كُلِّ مَنْ يُسَلِّمُ عَلَيْهِ إِلَى غَيْرِ ذَلِكَ مِمَّا يَحْصُلُ مِنْ جُمْلَتِهِ الْقَطْعُ بِأَنَّ مَوْتَ الْأَنْبِيَاءِ إِنَّمَا هُوَ رَاجِعٌ إِلَى أَنْ غُيِّبُوا عَنَّا بِحَيْثُ لَا نُدْرِكُهُمْ وَإِنْ كَانُوا مَوْجُودِينَ أَحْيَاءً، وَذَلِكَ

كَالْحَالِ فِي الْمَلَائِكَةِ فَإِنَّهُمْ مَوْجُودِينَ أَحْيَاءً وَلَا يَرَاهُمْ أَحَدٌ مِنْ نَوْعِنَا إِلَّا مَنْ خَصَّهُ اللَّهُ تَعَالَى بِكَرَامَتِهِ. انْتَهَى.

আত-তাজকেরা" কিতাবে কুরতুবী রহ. (তফসারে ক্বরত্ববীর ইমাম) বজ্রাঘাতের হাদীসে তাঁর উস্তাদ হতে বিশুদ্ধ সূত্র উল্লেখ পূর্বক বলেন, মুত্যু-পরিপূর্ণ বিনাশ বা একবারে অস্তিত্বহীনতা নয়। বরং তা হলো এক অবস্থা বা স্থান হতে অপর অবস্থায় বা স্থানে স্থানান্তর মাত্র। তার প্রমাণ-শুহাদায়ে কেরামকে হত্যা এবং তাঁদের মৃত্যুর পরও তাঁদের জীবিত থাকা। তাঁরা সদা রিয়িক্ব প্রাপ্ত, প্রফুল্ল। এ সবই হল পার্থিব জীবনের, জীবিত ব্যক্তির বৈশিষ্ট্যাবলী। যদি শহীদগণই এ সকল গুণাবলীর অধিকারী হন, তাহলে এসব গুণাবলীর অধিকারী হওয়ার ব্যাপারে (তাঁদের) নবীগন (আঃ)-ই অধিকতর যোগ্য, অগ্রাধিকার প্রাপ্ত। আর বিশুদ্ধ বর্ণনা সূত্রে সুপ্রতিষ্টিত যে, নবীগণের দেহ মুবারক মাটি বক্ষণ করতে পারে না। এবং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মে'রাজ রজনীত (প্রথমে) বায়তুল মুক্বাদ্দাস সব নবীগণের সাথে মিলিত হয়েছেন, (তাদের ইমামতিও করেছেন)। (পরে) আবার মিলি হয়েছেন আসমানে। হযবত মূসা (আঃ)- কে তাঁর ক্ববরে নামাজরত অবস্থায় দেখেছেন । রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানিয়ে দিয়ে গেছেন, যারা আমাকে সালাম জানায় আমি তাদের সালামের প্রতিউত্তর প্রদান করি। এগুলো ব্যতীত আরো অন্যান্য দলীল প্রমাণ দ্বারা অকাট্য অখণ্ডনীয়রূপে সুপ্রতিষ্টিত হয় যে, নবীগণের মৃত্যু মানে আমাদের আড়ালে চলে যাওয়া। আমরা অনুভব উপলব্ধি করতে পারি না, যদিও তাঁরা জীবিত ও উপস্থিত। এ অবস্থাটা হল ফেরেস্থাদের অবস্থার মতো; আমাদের নিকটেই তারা সদা বিরাজমান এবং জীবিত, তারপরও তাঁদেরকে ছাড়া আল্লাই তা'লা যাদেরকে (শক্তি-সামর্থ-যোগ্যতা দিয়ে) মহিমাম্বিত-সম্মানিত করেছেন, আমাদের কেউ তাদেরকে দেখে না। (অর্থাৎ যোগ্যতা সম্পন্ন উপযুক্ত ব্যক্তিগণ কিন্তু ঠিকই ফেরেস্তাদেরকে দেখেন। দেখেন নবীগণকে।)

হাদীস

وَأَخْرَجَ أبو يعلى فِي مُسْنَدِهِ وَالْبَيْهَقِيُّ فِي كِتَابِ حَيَاةِ الْأَنْبِيَاءِ عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ): الْأَنْبِيَاءُ أَحْيَاءٌ فِي قُبُورِهِمْ يُصَلُّونَ)
وَأَخْرَجَ الْبَيْهَقِيُّ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ: («إِنَّ الْأَنْبِيَاءَ لَا يُتْرَكُونَ فِي قُبُورِهِمْ بَعْدَ أَرْبَعِينَ لَيْلَةً وَلَكِنَّهُمْ يُصَلُّونَ بَيْنَ يَدَيِ

اللَّهِ تَعَالَى حَتَّى يُنْفَخَ فِي الصُّورِ) وَرَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ فِي الْجَامِعِ قَالَ: قَالَ شَيْخٌ لَنَا عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ قَالَ: مَا مَكَثَ نَبِيٌّ فِي قَبْرِهِ أَكْثَرَ مِنْ أَرْبَعِينَ لَيْلَةً حَتَّى يُرْفَعَ.

قَالَ الْبَيْهَقِيُّ: فَعَلَى هَذَا يَصِيرُونَ كَسَائِرِ الْأَحْيَاءِ يَكُونُونَ حَيْثُ يُنْزِلُهُمُ اللَّهُ تَعَالَى،.

মুসনদে আবু ইয়ালাতে ইমাম আবু ইয়ালা এবং হায়াতুল আম্বিয়াতে ইমাম বায়হাক্বী, হযরত আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন-তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, নবীগণ তাঁদের ক্ববরে জীবিত, নামাজ আদায় করে থাকনে।

ইমাম বায়হাক্বী, হযরত আনাস (রাঃ) হতে আরো একটি হাদীস বর্ণনা করেছেন- তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, "নবীগণ তাঁদের ক্ববরে চল্লিশ রাতের পর রাখেন না, বরং তারপর তাঁরা আল্লাহ তাআলার সম্মুখে নামাজ আদায় করতে থাকবেন সিঙ্গায় ফুৎকার করা পর্যন্ত"। হযরত সুফইয়ান সওরী রহ. জামে' কিতাবে হাদীসটি উল্লেখ করেছেন। তিনি বলেন, নবীগণ চল্লিশ রাতের অধিক তাঁদের ক্ববরে থাকে না। উঠিয়ে নেয়া হয়। ইমাম বায়হাক্বী বলেন, এর মাধ্যমে প্রমাণিত ও প্রতিষ্টত হলো যে, তাঁরা সাধারণ (পার্থিব জগতের) জীবিতের মতো হয়ে যান। আল্লাহ তাআলা যেখানে তাঁদেরকে রাখেন, সেখানেই তাঁরা থাকেন।

وَرَوَى عبد الرزاق فِي مُصَنَّفِهِ عَنِ الثَّوْرِيِّ عَنْ أَبِي المقدام عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ قَالَ: مَا مَكَثَ نَبِيٌّ فِي الْأَرْضِ أَكْثَرَ مِنْ أَرْبَعِينَ يَوْمًا، وأبو المقدام هُوَ ثابت بن هرمز [الكوفي] شَيْخٌ صَالِحٌ وَأَخْرَجَ ابْنُ حِبَّانَ فِي تَارِيخِهِ وَالطَّبَرَانِيُّ فِي الْكَبِيرِ، وأبو نعيم فِي الْحِلْيَةِ عَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ -: («مَا مِنْ نَبِيٍّ يَمُوتُ فَيُقِيمُ فِي قَبْرِهِ إِلَّا أَرْبَعِينَ صَبَاحًا)

মুছান্নাফ আবদুর রাজ্জাকে আবদুর রাজ্জাক্ব সুফিয়ান সওরী হতে, তিনি আবুল মিক্বদাম হতে, তিনি সাঈদ ইবনে মুসাইয়্যেব হতে হাদীসটি বর্ণনা করেন, নবীগণ

(আঃ) তাঁদের ক্ববরে চল্লিশ দিনের পর অবস্থান করে না। আবুল মিক্বদাম হলেন সাবিত ইবনে হরমুজ শাইখ ছালেহ। ইবনে হিব্বান তাঁর ইতিহাস গ্রন্থে, তাবারানী কবীরে এবং আবু নাঈম হিলইয়াতুল আউলিয়া কিতাবে, হযরত আনাস (রাঃ) হতে হাদীসটি বর্ণনা করেছেন।

তিনি বলেন, রাসূলুল্লাহ এরশাদ করেছেন, কোন নবী (আঃ) তাঁদের মৃত্যুর পর ক্ববরে চল্লিশ দিনের বেশী অবস্থান করে না।

وَقَالَ إمام الحرمين فِي النِّهَايَةِ ثُمَّ الرافعي فِي الشَّرْحِ: رُوِيَ أَنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ: («أَنَا أَكْرَمُ عَلَى رَبِّي مِنْ أَنْ يَتْرُكَنِي فِي قَبْرِي بَعْدَ ثَلَاثٍ) زَادَ إمام الحرمين: وَرُوِيَ: أَكْثَرَ مِنْ يَوْمَيْنِ، وَذَكَرَ أَبُو الْحَسَنِ بْنُ الزَّاغُونِيِّ الْحَنْبَلِيُّ فِي بَعْضِ كُتُبِهِ حَدِيثًا أَنَّ اللَّهَ لَا يَتْرُكُ نَبِيًّا فِي قَبْرِهِ أَكْثَرَ مِنْ نِصْفِ يَوْمٍ

আর নেহায়াহ কিতাবে ইমামুল হারামাইন, তারপর এর ব্যাখ্যা গ্রন্থে ইমাশ রাফেঈ বর্ণনা করেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, আল্লাহ তা'লার নিকট আমি অতি সম্মানিত আমাকে আমার ক্ববরে তিন দিনের অধিক রাখবেন না। এ কথার সাথে যোগ করে ইমামুল হারামাইন বলেছেন, দুদিনের বেশী নয়। অপর দিকে আবুল হাসান ইবনে জাগোনী হাম্বলী রহ. তাঁর স্বরচিত কোন কোন কিতাবে উল্লেখ করেছেন, আল্লাহ তাআলা তাঁর নবীদের রূহ মুবারক অর্ধ দিনের বেশী ক্ববরে ফেলে রাখেন না।

وَقَالَ الْإِمَامُ بدر الدين بن الصاحب فِي تَذْكِرَتِهِ - فَصْلٌ فِي حَيَاتِهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بَعْدَ مَوْتِهِ فِي الْبَرْزَخِ، وَقَدْ دَلَّ عَلَى ذَلِكَ تَصْرِيحُ الشَّارِعِ وَإِيمَاؤُهُ، وَمِنَ الْقُرْآنِ قَوْلُهُ تَعَالَى: {وَلَا تَحْسَبَنَّ الَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ أَمْوَاتًا بَلْ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ} [آل عمران: ১৬৯] فَهَذِهِ الْحَالَةُ وَهِيَ الْحَيَاةُ فِي الْبَرْزَخِ بَعْدَ الْمَوْتِ حَاصِلَةٌ لِآحَادِ الْأُمَّةِ مِنَ الشُّهَدَاءِ، وَحَالُهُمْ أَعْلَى وَأَفْضَلُ مِمَّنْ تَكُنْ لَهُ هَذِهِ الرُّتْبَةُ لَا سِيَّمَا فِي الْبَرْزَخِ، وَلَا تَكُونُ رُتْبَةُ أَحَدٍ مِنَ الْأُمَّةِ أَعْلَى مِنْ رُتْبَةِ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بَلْ إِنَّمَا حَصَلَ لَهُمْ هَذِهِ الرُّتْبَةُ بِتَزْكِيَتِهِ وَتَبَعِيَّتِهِ، وَأَيْضًا فَإِنَّمَا اسْتَحَقُّوا هَذِهِ الرُّتْبَةَ بِالشَّهَادَةِ،

وَالشَّهَادَةِ حَاصِلَةٌ لِلنَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - عَلَى أَتَمِّ الْوُجُوهِ، وَقَالَ - عَلَيْهِ السَّلَامُ ﴾ :- مَرَرْتُ عَلَى مُوسَى لَيْلَةَ أُسْرِيَ بِي عِنْدَ الْكَثِيبِ الْأَحْمَرِ وَهُوَ قَائِمٌ يُصَلِّي فِي قَبْرِهِ (وَهَذَا صَرِيحٌ فِي إِثْبَاتِ الْحَيَاةِ لِمُوسَى فَإِنَّهُ وَصَفَهُ بِالصَّلَاةِ وَأَنَّهُ كَانَ قَائِمًا، وَمِثْلُ هَذَا لَا يُوصَفُ بِهِ الرُّوحُ وَإِنَّمَا وُصِفَ بِهِ الْجَسَدُ، وَفِي تَخْصِيصِهِ بِالْقَبْرِ دَلِيلٌ عَلَى هَذَا، فَإِنَّهُ لَوْ كَانَ مِنْ أَوْصَافِ الرُّوحِ لَمْ يَحْتَجْ لِتَخْصِيصِهِ بِالْقَبْرِ، فَإِنَّ أَحَدًا لَمْ يَقُلْ أَنَّ أَرْوَاحَ الْأَنْبِيَاءِ مَسْجُونَةٌ فِي الْقَبْرِ مَعَ الْأَجْسَادِ، وَأَرْوَاحُ الشُّهَدَاءِ أَوِ الْمُؤْمِنِينَ فِي الْجَنَّةِ.

ইমাম বদরুদ্দীন ইবনে সাহেব তাঁর তাজকেরাতে বলেছেন। পরিচ্ছেদ: এন্তেকালের পরে বরজখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর জীবন।

এ বিষয়টির প্রমাণ প্রতিষ্টিত করেছে শরীয়ত প্রবর্তকের সুস্পষ্ট ঘোষণা এবং ইশারা- ইঙ্গিত, আল-ক্বুরআনুল কারীমে বলে দিয়েছেন: তোমরা মনে করোনা যারা আমার পথে শহীদ হয়েছে, তাঁরা মরে গেছে। বরং তাঁরা তাঁদের রবের কাছে জীবিত, তাদেরকে রিজিক্বও দেয়া হয়। এ অবস্থার (জীবিত থাকা এবং রিজিক্ব পাওয়ার) নিশ্চয়তা পায়, মৃত্যু পরবর্তী বরজখের জীবনে তাঁর-এর একজন সাধারণ উম্মত শহীদ হওয়ার কারণে। অথচ নবীগণের শ্রেণি-স্তর-অবস্থা; বিশেষ করে যারা হায়াতে বরজখে এ শ্রেনী-স্তর-অবস্থার নিশ্চয়তা পায় তাঁদের (শহীদদের) চেয়ে অনেক উর্ধ্বে-অনেক উপরে। কোন উম্মতের মান-মর্যাদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর মান-মর্যাদার চেয়ে উন্নত হতেই পারে না। তাঁদেরত এ মর্যাদা লাভই হয়েছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর পবিত্রকরণ-পরিশোধন ও তাঁর অনুসরণ-অনুকরণের ফলে। অধিকন্তু তারা এ মহা মর্যাদা পেয়েছে শাহাদাতের বিনিময়ে। আর শাহাদত লাভের উৎকৃষ্ট নিশ্চিৎ কারণ হলেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, আমি মি'রাজ রজনীতে হযরত মূসা (আঃ) এর পাশ দিয়ে নিবিড় লাল রংয়ের মাটি পার হচ্ছিলাম, দেখতে পেলাম তিনি ক্বররের ভিতরে দাঁড়িয়ে নামাজ পড়ছেন"। মূসা (আঃ) জীবিত এ হাদীস তার দ্ব্যর্তহীন খাঁটি প্রমাণ। কেননা তিনি বর্ণনা করেছেন নামাজ আদায়রত দিয়ে, আবার তিনি দাঁড়ানো। এ ধরনের গুণ দিয়ে রূহকে গুণান্বিত করা হয় না। বরং তা দিয়ে শরীর বুঝিয়েছেন। অপর দিকে ক্বরর দিয়ে

নির্দিষ্টকরণও প্রমাণ করে দেহ। এগুলো রুহের বৈশিষ্ট্য ক্বরর দিয়ে নির্দিষ্ট করা হতো না আর নবীদের আত্মা ক্বররে দেহসহ বন্দি: কেউ তা কখনো বলেন নি। এবং শহীদ ও মুমিনের আত্মাতো জান্নাতে (ইল্লিইনে।)

وَفِي حَدِيثِ ابْنِ عَبَّاسٍ: " «سِرْنَا مَعَ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ فَمَرَرْنَا بِوَادٍ فَقَالَ: أَيُّ وَادٍ هَذَا؟ فَقَالُوا: وَادِي الْأَزْرَقِ، فَقَالَ : كَأَنِّي أَنْظُرُ إِلَى مُوسَى وَاضِعًا أُصْبُعَيْهِ فِي أُذُنَيْهِ، لَهُ جُؤَارٌ إِلَى اللَّهِ بِالتَّلْبِيَةِ مَارًّا بِهَذَا الْوَادِي ثُمَّ سِرْنَا حَتَّى أَتَيْنَا عَلَى ثَنِيَّةٍ قَالَ: كَأَنِّي أَنْظُرُ إِلَى يُونُسَ عَلَى نَاقَةٍ حَمْرَاءَ عَلَيْهِ جُبَّةُ صُوفٍ مَارًّا بِهَذَا الْوَادِي مُلَبِّيًا "، سُئِلَ هُنَا: كَيْفَ ذَكَرَ حَجَّهُمْ وَتَلْبِيَتَهُمْ وَهُمْ أَمْوَاتٌ وَهُمْ فِي الْأُخْرَى وَلَيْسَتْ دَارَ عَمَلٍ؟ وَأُجِيبَ: بِأَنَّ الشُّهَدَاءَ أَحْيَاءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُونَ فَلَا يَبْعُدُ أَنْ يَحُجُّوا وَيُصَلُّوا وَيَتَقَرَّبُوا بِمَا اسْتَطَاعُوا، وَأَنَّهُمْ وَإِنْ كَانُوا فِي

الْأُخْرَى فَإِنَّهُمْ فِي هَذِهِ الدُّنْيَا الَّتِي هِيَ دَارُ الْعَمَلِ حَتَّى إِذَا فَنِيَتْ مُدَّتُهَا وَاعْتَقَبَتْهَا الْأُخْرَى الَّتِي هِيَ دَارُ الْجَزَاءِ انْقَطَعَ الْعَمَلُ، هَذَا لَفْظُ الْقَاضِي عِيَاضٍ، فَإِذَا كَانَ الْقَاضِي عِيَاضٌ يَقُولُ: إِنَّهُمْ يَحُجُّونَ بِأَجْسَادِهِمْ وَيُفَارِقُونَ قُبُورَهُمْ، فَكَيْفَ يُسْتَنْكَرُ مُفَارَقَةُ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِقَبْرِهِ؟ فَإِنَّ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا كَانَ حَاجًّا وَإِذَا كَانَ مُصَلِّيًا فَجَسَدُهُ فِي السَّمَاءِ وَلَيْسَ مَدْفُونًا فِي الْقَبْرِ .انْتَهَى.

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস রহ. -এর হাদীসে বর্ণিত হয়েছে: তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর সাথে মক্কা শরীফ ও মদীনা শরীফের মাঝে এক সফরে ছিলাম। আমরা একটি ওয়াদী (উপত্যকার) পাশ দিয়ে যাচ্ছিলাম। তিনি জিজ্ঞেস করলেন, এটা কোন ওয়াদী? বলা হলো, ওয়াদীয়ে আজরাক। তিনি বললেন, আমি যেন দেখতে পাচ্ছি-হযরত মূসা (আঃ) তাঁর দুকানে দুআঙ্গুল রেখে তালবিয়া পড়তে পড়তে এ ওয়াদী (উপত্যকা) অতিক্রম করে আল্লাহ তাআলার দিকে এগিয়ে যাচ্ছেন। এর পর আমরা চলতে চলতে চানিয়ায় চলে এলাম। তিনি বললেন, আমি দেখতে পাচ্ছি-ইউনুস (আঃ)-

কে পশমী জামা গায় দিয়ে এ ওয়াদী লাল উটনিতে চড়ে তালবিয়া পাঠ করতে করতে অতিক্রম করছেন। এখানে প্রশ্ন হলো: কীরূপে তাদের হজ্জ ও তালবিয়ার কথা উল্লেখ করলেন? তারাতো মৃত এবং পরপারে। এটা আমলের জগৎ নয়। উত্তর হলো: শহীদগণ জীবিত এবং আল্লাহর পক্ষ হতে রিজিক্ব প্রাপ্ত। আর নবীগণ (আঃ) শহীদদের চেয়ে এসব আল্লাহর পক্ষ হতে রিজিক্ব প্রাপ্ত। আর নবীগণ (আঃ) শহীদের চেয়ে এসব বিষয়াবলীতে আরো অগ্রগন্য ও শ্রেষ্টতর। সুতরাং তাঁদের জন্য অসম্ভব নয় যে, তারা হজ্জ সম্পাদন করবে, নামাজ আদায় করবে, সামর্থ্য অনুযায়ী আল্লাহর নৈকট্য লাভে হজ্জ সম্পাদন করবে, নামাজ আদায় করবে, সমার্থ্য অনুযায়ী আল্লাহর নৈকট্য লাভে সচেষ্ট হবে। কেননা তারা পরজগতে হলেও পার্থিব জগতেই আছেন এটা আমলের স্থান। যতক্ষণ না এ জগতের সময় শেষ হয় ও পরজগৎ তার স্থলাভিষিক্ত হয়, যা বিনিময় জগৎ ও আমলের পরিসমাপ্তি। এ বক্তব্য কাদ্বী আইয়াদ্বের। কাদ্বী আইয়াদ্ব শহীদগণের স্বশরীরে হজ্জ করা, ক্ববরের বাহিরে গমন করার কথা বলেন। (স্বীকৃতি প্রদান করেন) অতএব রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর ক্ববর হতে আলাদা হবার ব্যাপারটি কীভাবে অস্বীকার করা যায়? নবী আকাশে স্বশরীরে হজ্জ ও নামাযরত থাকাবস্থায় ক্ববরস্থ নন? (অর্থাৎ নবীগণের হজ্জ-নামাজ-ই রত থাকা, আকাশ- পাতাল ভ্রমণ করা, ক্ববরে সমাহিত হওয়ার বিপরীত নয়। সূক্ষ্মজ্ঞান ও দিব্যদৃষ্টির অভাব, তা না বুঝার মোটা অন্তরায়।)

فَحَصَلَ مِنْ مَجْمُوعِ هَذِهِ النُّقُولِ وَالْأَحَادِيثِ أَنَّ النَّبِيَّ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - حَيٌّ بِجَسَدِهِ وَرُوحِهِ، وَأَنَّهُ يَتَصَرَّفُ وَيَسِيرُ حَيْثُ شَاءَ فِي أَقْطَارِ الْأَرْضِ وَفِي الْمَلَكُوتِ وَهُوَ بِهَيْئَتِهِ الَّتِي كَانَ عَلَيْهَا قَبْلَ وَفَاتِهِ لَمْ يَتَبَدَّلْ مِنْهُ شَيْءٌ، وَأَنَّهُ مُغَيَّبٌ عَنِ الْأَبْصَارِ كَمَا غُيِّبَتِ الْمَلَائِكَةُ مَعَ كَوْنِهِمْ أَحْيَاءً بِأَجْسَادِهِمْ، فَإِذَا أَرَادَ اللهُ رَفْعَ الْحِجَابِ عَمَّنْ أَرَادَ إِكْرَامَهُ بِرُؤْيَتِهِ رَآهُ عَلَى هَيْئَتِهِ الَّتِي هُوَ عَلَيْهَا، لَا مَانِعَ مِنْ ذَلِكَ، وَلَا دَاعِيَ إِلَى التَّخْصِيصِ بِرُؤْيَةِ الْمِثَالِ.

সুতরাং এ সকল উদ্ধৃতি-বর্ণনা, হাদীস-দলীল-প্রমাণের চুম্বক ফলাফল দ্বারা সুপ্রমাণিত, সুপ্রতিষ্ঠিত হলো যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দেহ-রূহসহই জীবিত আছেন, ক্ষমতা প্রয়োগ বা স্বাধীনভাবে কাজ করতে পারেন এবং পারেন ভ্রমণ করতে- নিম্নজগৎ ও উর্ধ্ব জগতের যেখানে ইচ্ছা করেন সেখানে। মৃত্যু পূর্ববর্তী অবিকল আকৃতিতেই তিনি বিদ্যমান আছেন। কোন পরিবর্তন সাধিত হয় নি। তিনি চোখের আড়ালে বিরাজমান আছেন, যেমন ফেরেস্তাগণ

স্বশরীরে বিরাজমান আছেন। (অর্থাৎ তারা আমাদের আশে-পাশে স্বশরীরে বিরাজীত, জীবিত ও উপস্থিত কিন্তু চোখের আড়ালে। তাই আমরা দেখি না।) আল্লাহ তাআলা যখন কাউকে; তাঁকে দেখিয়ে সম্মানিত ও মান-মর্যাদা বৃদ্ধি করার ইচ্ছা করেন, তখন তার চোখের পর্দা উঠিয়ে সে আকৃতিতেই তাকে (দর্শককে) দেখান যে আকৃতিতে তিনি রয়েছেন। তাতে কোন বাঁধা-বিপত্তি নেই। মিছাল বা উপমাকারে দেখা নিধারণ-নির্দিষ্ট করণের কোন কারণ-প্রয়োজনও নেই।

জ্ঞাতব্য বিষয়াদি:(৩)

الثَّالِثُ: سُئِلَ بَعْضُهُمْ كَيْفَ يَرَاهُ الرَّاؤُونَ الْمُتَعَدِّدُونَ فِي أَقْطَارٍ مُتَبَاعِدَةٍ؟ فَأَنْشَدَهُمْ: كَالشَّمْسِ فِي كَبِدِ السَّمَاءِ وَضَوْؤُهَا ... يَغْشَى الْبِلَادَ مَشَارِقًا وَمَغَارِبَا

জ্ঞাতব্য বিষয়াদি:(৩)

কোন এ সজ্জনকে জিজ্ঞেস করা হলো: কীভাবে বিভিন্ন ব্যক্তি, দূরদূরান্তের বিভিন্ন স্থানে অবস্থান করে তাঁকে একসঙ্গে দেখতে পায়? প্রশ্ন শুনে তিনি আবৃত্তি করলেন-যেমন মধ্যাকাশে সূর্য, আর তার আলো চেয়ে ফেলে পূর্ব-পশ্চিমের সকল দেশ-ভূখন্ড। (আল্লাহ তাআলার এক সাধারণ সৃষ্টির অবস্থা যদি এ হয় তা হলে সৃষ্টির সেরা, তাঁর বন্ধুর অবস্থা কী, তা বলার অপেক্ষা রাখে না।)

শাইখ তাজুদ্দীন ইবনে আতার রহ.এর ঘটনা

وَفِي مَنَاقِبِ الشَّيْخِ تاج الدين بن عطاء الله عَنْ بَعْضِ تَلَامِذَتِهِ قَالَ: حَجَجْتُ، فَلَمَّا كُنْتُ فِي الطَّوَافِ رَأَيْتُ الشَّيْخَ تاج الدين فِي الطَّوَافِ فَنَوَيْتُ أَنْ أُسَلِّمَ عَلَيْهِ إِذَا فَرَغَ مِنْ طَوَافِهِ، فَلَمَّا فَرَغَ مِنَ الطَّوَافِ جِئْتُ فَلَمْ أَرَهُ ثُمَّ رَأَيْتُهُ فِي عَرَفَةَ كَذَلِكَ وَفِي سَائِرِ الْمَشَاهِدِ كَذَلِكَ، فَلَمَّا رَجَعْتُ إِلَى الْقَاهِرَةِ سَأَلْتُ عَنِ الشَّيْخِ فَقِيلَ لِي: طَيِّبٌ، فَقُلْتُ: هَلْ سَافَرَ؟ قَالُوا: لَا، فَجِئْتُ إِلَى الشَّيْخِ وَسَلَّمْتُ عَلَيْهِ فَقَالَ لِي: مَنْ رَأَيْتَ؟ فَقُلْتُ: يَا سَيِّدِي رَأَيْتُكَ، فَقَالَ: يَا فُلَانُ الرَّجُلُ الْكَبِيرُ يَمْلَأُ الْكَوْنَ لَوْ دُعِيَ الْقُطْبُ مِنْ حَجَرٍ لَأَجَابَ، فَإِذَا كَانَ الْقُطْبُ يَمْلَأُ الْكَوْنَ فَسَيِّدُ الْمُرْسَلِينَ - صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ - مِنْ بَابِ

أَوْلَى، وَقَدْ تَقَدَّمَ عَنِ الشَّيْخِ أَبِي العباس الطنجي أَنَّهُ قَالَ :وَإِذَا بِالسَّمَاءِ وَالْأَرْضِ وَالْعَرْشِ وَالْكُرْسِيِّ مَمْلُوءَةٌ مِنْ رَسُولِ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ-

শাইখ তাজুদ্দীন ইবনে আতার জীবনীতে তার কোন এক ছাত্র উল্লেখ করেন। তিনি বলেন, আমি হজ্জে গমন করি। আমি যখন ত্বওয়াফ করছিলাম তখন দেখতে পেলাম শাইখ তাজুদ্দীনও তওয়াফ করছেন। নিয়্যাত করলাম তিনি তওয়াফ সমাপ্ত করলেই আমি গিয়ে তাঁকে সালাম নিবেদন করব। যখন তিনি তওয়াফ সমাপ্ত করলেন। আমি এগিয়ে গিয়ে দেখি তিনি নেই। একই ভাবে দেখলাম তাঁকে আরাফাতে এবং সব পবিত্র স্থানে । আমি কায়রো ফিরে শাইখ সম্পর্কে জিজ্ঞেস করলাম । আমার সহপাঠিরা বলল। তিনি ভাল আছেন। তারপর জিজ্ঞেস করলাম: তিনি কি হজ্জে গিয়েছিলেন? তারা বলল: না। অতৎপর আমি নিজেই শাইখের নিকট গমন করি এবং সালাম পেশ করি। তিনি আমাকে জিজ্ঞেস করলেন: তুমি কাকে দেখেছ? বললাম: হে শ্রদ্ধেয় উস্তাদ! আপনাকেই দেখেছি। বললেন; হে অমুক, মহান ব্যক্তিগণ সৃষ্টি জগৎ পূর্ন করে থাকেন। কোন কুতুবকে ডাকা হলে, তিনি পাথরের ভিতর হতেও সাড়া প্রদান দেন। এখন ভেবে দেখুন-একজন কুতুব যদি সৃষ্টি জগৎ ঘিরে থাকেন, তাহলে রাসূলদের সর্দার স্বাভাবিকভাবেই তাঁদের চেয়ে এ বিষয়ে অধিকতর যোগ্য, অগ্রাধিকার প্রাপ্ত। আর আগেই উল্লেখিত হয়েছে-শাইখ আবুল আব্বাস ত্বানজিরের বক্তব্য, তিনি বলেছেন, হঠাৎ দেখি-আসমান, যমীন, আরশ ও কুরসী রাসূলুল্লাহ দ্বারা পরিপূর্ণ।

জ্ঞাতব্য বিষয়াদি: (৪)

الرَّابِعُ :قَالَ قَائِلٌ: يَلْزَمُ عَلَى هَذَا أَنْ تَثْبُتَ الصُّحْبَةُ لِمَنْ رَآهُ. وَالْجَوَابُ: أَنَّ ذَلِكَ لَيْسَ بِلَازِمٍ، أَمَّا إِنْ قُلْنَا :بِأَنَّ الْمَرْئِيَّ الْمِثَالُ فَوَاضِحٌ لِأَنَّ الصُّحْبَةَ إِنَّمَا تَثْبُتُ بِرُؤْيَةِ ذَاتِهِ الشَّرِيفَةِ جَسَدًا وَرُوحًا، وَإِنْ قُلْنَا: الْمَرْئِيُّ الذَّاتُ فَشَرْطُ الصُّحْبَةِ أَنْ يَرَاهُ وَهُوَ فِي عَالَمِ الْمُلْكِ، وَهَذِهِ رُؤْيَةٌ وَهُوَ فِي عَالَمِ الْمَلَكُوتِ، وَهَذِهِ الرُّؤْيَةُ لَا تُثْبِتُ صُحْبَتَهُ، وَيُؤَيِّدُ ذَلِكَ أَنَّ الْأَحَادِيثَ وَرَدَتْ بِأَنَّ جَمِيعَ أُمَّتِهِ عُرِضُوا عَلَيْهِ فَرَآهُمْ وَرَأَوْهُ وَلَمْ تَثْبُتِ الصُّحْبَةُ لِلْجَمِيعِ لِأَنَّهَا رُؤْيَةٌ فِي عَالَمِ الْمَلَكُوتِ فَلَا تُفِيدُ صُحْبَتَهُ.

Sunni-Encyclopedia.blogspot.com
PDF by (Masum Billah Sunny)

জ্ঞাতব্য বিষয়াদি: (৪)

কেউ কেউ বলে থাকে, এ দেখা-সাক্ষাৎ দ্বারা সাহাবী হওয়া অত্যাবশ্যক প্রমানিত হয়ে যায়। এর উত্তর হলো-এর দ্বারা সাহাবী হওয়া অত্যাবশ্যক হয় না। যদি বলা হয় যে, এ দেখা হল উপমা হিসেবে দেখা। আর সাহাবী হয়, রূহ ও দেহসহ দেখলে, যা অত্যন্ত পরিস্কার। আর যদি এ দেখা হয়, তাঁর বাস্তব সত্তাকেই দেখা। তবে জানা কথা- সাহাবী হওয়ার শর্ত হল তাঁকে এ ধরণীতে দেখা। (ঈমানদার অবস্থায় দেখা ও ঈমানদার অবস্থায়ই মৃত্যু বরণ করা।) আর বর্তমান দেখার সময় তিনি উধ্ব জগতে। সুতরাং বর্তমান দেখা সাহাবী হওয়া প্রমাণ করে না। এ বক্তব্যকে শক্তিশালী করে ঐ সব প্রাপ্ত হাদীস, যাতে উল্লখিত হয়েছে যে, তাঁর সব উম্মতকেই তাঁর সামনে তুলে ধরা হয়েছিল এবং তিনি সবাইকেই দেখছেন, তারাও তাঁকে দেখেছে। উর্ধ্ব জগতের ঐ দেখা দিয়ে সবাই সাহাবী তা প্রতিষ্টত হয় নি। কেননা ঐ দর্শন ছিল উর্ধ্ব জগতে। অতএব কারণে সে দর্শন সাহাবী হবার বিষয়ে কোন উপকারে আসে নি। (তথা অধিকাংশই সাহাবী হয় নি। সব দর্শকই সাহাবী তা কেউ বলেওনি, দাবীও করে নি। বর্তমান দর্শনও উর্ধ্ব জগতের দর্শন বিধায় এ প্রসঙ্গ এখানে টেনে আনা অবান্তর, অযৌক্তিক। অহেতুক ঝামেলার সৃষ্টি করা মাত্র।)

উপসংহার:

خَاتِمَةٌ: أَخْرَجَ أَحمد فِي مُسْنَدِهِ، وَالْخَرَائِطِيُّ فِي مَكَارِمِ الْأَخْلَاقِ مِنْ طَرِيقِ أَبِي العالية عَنْ رَجُلٍ مِنَ الْأَنْصَارِ قَالَ: («خَرَجْتُ مِنْ أَهْلِي أُرِيدُ النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَإِذَا بِهِ قَائِمٌ وَرَجُلٌ مَعَهُ مُقْبِلٌ عَلَيْهِ فَظَنَنْتُ أَنَّ لَهُمَا حَاجَةً، قَالَ الْأَنْصَارِيُّ: لَقَدْ قَامَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - حَتَّى جَعَلْتُ أَرْثِي لَهُ مِنْ طُولِ الْقِيَامِ، فَلَمَّا انْصَرَفَ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ لَقَدْ قَامَ بِكَ هَذَا الرَّجُلُ حَتَّى جَعَلْتُ أَرْثِي لَكَ مِنْ طُولِ الْقِيَامِ، قَالَ :وَلَقَدْ رَأَيْتَهُ؟ قُلْتُ: نَعَمْ، قَالَ: أَتَدْرِي مَنْ هُوَ؟ قُلْتُ :لَا، قَالَ: ذَاكَ جِبْرِيلُ مَا زَالَ يُوصِينِي بِالْجَارِ حَتَّى ظَنَنْتُ أَنَّهُ سَيُوَرِّثُهُ، ثُمَّ قَالَ: أَمَا إِنَّكَ لَوْ سَلَّمْتَ رَدَّ عَلَيْكَ السَّلَامَ (

উপসংহার: মুসনাদে আহমাদে ইমাম আহমাদ রহ. (মালিকী মাযহাবের ইমাম) ও মাকারেমুল আখলাক্বে ইমাম খারায়েত্বী রহ. : আবুল আলিয়া সূত্রে এক আনছার

সাহাবী হতে বর্ণনা করেছেন, তিনি (আনছারী সাহাবা) বলেন, একদা আমি বাড়ী হতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এ সাথে সাক্ষাতের জন্য বের হলাম। বের হয়েই দেখি- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দাঁড়িয়ে আছেন, আর এক ব্যক্তিও তাঁর সামনে দাঁড়িয়ে রয়েছেন। ভাবলাম তারা দুজনের নিশ্চয়ই কোন জরুরি প্রয়োজন আছে। আনছারী (রাঃ) বলেন, ঐ ব্যক্তির কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর এত দীর্ঘ সময় দাড়িয়ে থেকে খুব কষ্ট করতে হলো, তাই মনে ব্যথা অনুভব করলাম। ঐ ব্যক্তি চলে গেলে পর, আমি আরজ করলাম, ইয়া রাসূলাল্লাহ ! ঐ ব্যক্তি চলে গেলে পর, আমি আরজ করলাম, ইয়া রসূলাল্লাহ ! ঐ লোকটি, এত দীর্ঘ সময় দাঁড়িয়ে থেকে আপনাকে অনেক কষ্ট দিয়েছে্ তিনি বললেন, তুমি কি সত্যিই তাঁকে দেখেছ? বলো। বললাম, হ্যাঁ, অবশ্যই। তিনি আমাকে আবার জিজ্ঞেস করলেন, তুমি, জান সে কে? আমি বললাম, জি না। তিনি বললেন, ঐ ব্যক্তি হযরত জিব্রাইল (আঃ)। আমাকে প্রতিবেশী সম্পর্কে এত বেশী তাগাদা দিচ্ছিলেন, যাতে আমার মনে হচ্ছিল যে, (অদূর ভবিষ্যতে) প্রতিবেশীকে উত্তরাধীকার ঘোষণা করা হতে পারে। অতঃপর তিনি বললেন, হায়! তুমি, তাঁকে সালাম দিতে, তা হলে সেও তোমার সালামের প্রতি উত্তর দিত।

হযরত জিব্রাঈল (আঃ) কে দেখা প্রসঙ্গে হাদীস

وَأَخْرَجَ أَبُو مُوسَى الْمَدِينِيُّ فِي الْمَعْرِفَةِ عَنْ تميم بن سلمة قَالَ: بَيْنَا أَنَا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذِ انْصَرَفَ مِنْ عِنْدِهِ رَجُلٌ فَنَظَرْتُ إِلَيْهِ مُوَلِّيًا مُعْتَمًّا بِعِمَامَةٍ قَدْ أَرْسَلَهَا مِنْ وَرَائِهِ قُلْتُ: يَا رَسُولَ اللّٰهِ مَنْ هَذَا؟ قَالَ: هَذَا جِبْرِيلُ.

আল-মায়রিফাতে তামীম ইবনে সালামা (রাঃ) হতে আবু মূসা মাদীনী হাদীসটি বর্ণনা করেছেন। তিনি বলেন, একবার আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে উপস্থিত ছিলাম। এক ব্যক্তি তাঁর কাছ থেকে উঠে চলে যাচ্ছিল। আমি তাঁর দিকে ফিরে তাকালাম, দেখলাম মাথায় পাগড়ী বাঁধা,পাগড়ীটি পেছনে লম্বা করে ঝুলানো জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল ! কে তিনি? তিনি বললেন, হযরত জিব্রাঈল (আঃ)। আর এ হাদীসটি বর্ণনা করেছেন আহ্মাদ, হযরত জিব্রাঈল (আঃ)। আর এ হাদীসটি বর্ণনা করেছেন।

وَأَخْرَجَ أحمد وَالطَّبَرَانِيُّ وَالْبَيْهَقِيُّ فِي الدَّلَائِلِ عَنْ حَارِثَةَ بْنِ النُّعْمَانِ قَالَ: «مَرَرْتُ عَلَى رَسُولِ اللّٰهِ - صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَمَعَهُ جِبْرِيلُ فَسَلَّمْتُ عَلَيْهِ وَمَرَرْتُ، فَلَمَّا رَجَعْنَا وَانْصَرَفَ النَّبِيُّ - صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ: هَلْ رَأَيْتَ الَّذِي كَانَ مَعِي؟ قُلْتُ: نَعَمْ، قَالَ: فَإِنَّهُ جِبْرِيلُ وَقَدْ رَدَّ عَلَيْكَ السَّلَامَ.

আহ্মাদ, ত্বিবরাণী এবং দালায়েলে ইমাম বায়হাক্বী হারেসা ইবনে নুমান (রাঃ) হতে। তিনি বলেন, একদা আমি রাসূল-এর পাশ দিয়ে যাচ্ছিলাম, তার সাথে হযরত জিব্রাঈল (আঃ)-ও ছিলেন, আমি তাঁকে সালাম জানিয়ে চলে গেলাম। ফেরার সময় দেখি, জিব্রাঈলকে সঙ্গে নিয়ে তিনিও ফিরছেন। আমি তাঁকে সালাম জানিয়ে চলে এলাম। আমি যখন (মসজিদে নববীতে) ফিরে এলাম তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও ফিরে এসেছেন। তিনি আমাকে জিজ্ঞেস করলেন, আমার সাথে যে ব্যক্তিটি ছিল, তাঁকে কি তুমি দেখেছ? বললাম, জি, হ্যাঁ। তিনি বললেন, তিনি জিব্রাঈল (আঃ) এবং তোমার সালামের জবাবও দিয়েছেন।

وَأَخْرَجَ ابن سعد عَنْ حارثة قَالَ: رَأَيْتُ جِبْرِيلَ مِنَ الدَّهْرِ مَرَّتَيْنِ، وَأَخْرَجَ أحمد وَالْبَيْهَقِيُّ عَنِ ابْنِ عَبَّاسٍ قُلْتُ: «كُنْتُ مَعَ أَبِي عِنْدَ رَسُولِ اللّٰهِ - صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ - وَعِنْدَهُ رَجُلٌ يُنَاجِيهِ فَكَانَ كَالْمُعْرِضِ عَنْ أَبِي فَخَرَجْنَا فَقَالَ لِي أَبِي: يَا بُنَيَّ أَلَمْ تَرَ إِلَى ابْنِ عَمِّكَ كَالْمُعْرِضِ عَنِّي؟ قُلْتُ: يَا أَبَتِ إِنَّهُ كَانَ عِنْدَهُ رَجُلٌ يُنَاجِيهِ فَرَجَعَ فَقَالَ: يَا رَسُولَ اللّٰهِ قَلْتُ لِعَبْدِ اللّٰهِ كَذَا وَكَذَا فَقَالَ إِنَّهُ كَانَ عِنْدَكَ رَجُلٌ يُنَاجِيكَ فَهَلْ كَانَ عِنْدَكَ أَحَدٌ؟ قَالَ: وَهَلْ رَأَيْتَهُ يَا عبد الله؟ قُلْتُ: نَعَمْ، قَالَ: ذَاكَ جِبْرِيلُ هُوَ الَّذِي يَشْغَلُنِي عَنْكَ.

হারেসা (রাঃ) হতে ইবনে সায়দ বর্ণনা করেছেন; তিনি (হারেসা) বলেন, আমি অতি অল্প সময়ে জিব্রাঈল (আঃ)-কে দুবার দেখেছি। ইমাম আহমাদ ও ইমাম বায়হাক্বী ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেন: তিনি বলেন, আমি আমার পিতার সাথে একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর দারবারে যাই। দেখলাম, তাঁর সাথে সেখানে এক ব্যক্তি চুপিসারে কথা বলছে। আর মনে হলো, তিনি আমার আব্বাকে এড়িয়ে চলছেন বিধায় আমরা চলে এলাম। তারপর আমার আব্বা আমাকে বললেন, হে প্রিয় বৎস। দেখলেতো; তোমার চাচাত ভাই

যেন আমাকে এড়িয়ে চলছে। আমি বললাম: হে শ্রদ্ধেয় পিতা! তাঁর কাছে একজন লোক ছিল এবং চুপিসারে কথা বলছিল। এ কথা শুনে তিনি আবার ফেরৎ গেলেন। তারপর বললেন, হে আল্লাহর রসূল ! আমি আবদুল্লাহকে-এই এই কথা (তোমার চাচাত ভাই যেন আমাকে এড়িয়ি চলছে) বলছিলাম। সে বলল:- আপনার নিকট একজন নিকট কেউ ছিল? তিনি জিজ্ঞেস করলেন, আব্দুল্লাহ! তাঁকে কি তুমি দেখেছ? উত্তরে বললাম, হ্যাঁ, নিশ্চয়ই। তিনি বললেন, ঐ ব্যক্তিটি ছিল জিব্রাঈল, সেই আপনার দিক হতে আমাকে নির্লিপ্ত করেছিল।

وَأَخْرَجَ ابن سعد عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ :رَأَيْتُ جِبْرِيلَ مَرَّتَيْنِ، وَأَخْرَجَ الْبَيْهَقِيُّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: («عَادَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - رَجُلًا مِنَ الْأَنْصَارِ فَلَمَّا دَنَا مِنْ مَنْزِلِهِ سَمِعَهُ يَتَكَلَّمُ فِي الدَّاخِلِ فَلَمَّا دَخَلَ لَمْ يَرَ أَحَدًا، فَقَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - مَنْ كُنْتَ تُكَلِّمُ؟ قَالَ: يَا رَسُولَ اللَّهِ دَخَلَ عَلَيَّ دَاخِلٌ مَا رَأَيْتُ رَجُلًا قَطُّ بَعْدَكَ أَكْرَمَ مَجْلِسًا وَلَا أَحْسَنَ حَدِيثًا مِنْهُ، قَالَ: ذَاكَ جِبْرِيلُ وَإِنَّ مِنْكُمْ لَرِجَالًا لَوْ أَنَّ أَحَدَهُمْ يُقْسِمُ عَلَى اللَّهِ لَأَبَرَّهُ) وَأَخْرَجَ أبو بكر بن أبي داود فِي كِتَابِ الْمَصَاحِفِ عَنْ أَبِي جعفر قَالَ: «كَانَ أبو بكر يَسْمَعُ مُنَاجَاةَ جِبْرِيلَ لِلنَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.-

ইবনে সায়দ হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস হতে বর্ণনা করেছেন যে, তিনি বলেন: আমি দুবার জিব্রাঈল (আঃ)-কে দেখেছি। ইমাম বায়হাক্বী রহ. হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেন যে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক আনছারী (রুগী সাহবীকে) ব্যক্তিকে দেখতে বের হলেন।

তাঁর (আনছারীর) নিকটবর্তী হয়ে শুনতে পেলেন-তিনি বাড়ীর ভিতরে কারো সঙ্গে কথোপকথনে রতো। অথচ ভিতরে প্রবেশ করে কাউকেই দেখলেন না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞেস করলেন, কার সাথে আলাপ-সালাপ করছিলে? তিনি বললেন: ইয়া রসূলাল্লাহ এমন এক আগন্তক আমার নিকট আসল-আপনার পরে, তাঁর চেয়ে সেরা অন্তরঙ্গ বন্ধু ও এত সুন্দর সদালাপ ব্যক্তি আমি কখনও দেখিনি। তিনি জানালেন ঐ ব্যক্তি হলো হযরত জিব্রাইল (আঃ)। তোমাদের মধ্যে এমন অনেক লোক আছে, যদি তাঁদের কোন একজনও

আল্লাহ তাআলার নামে শপথ করে কোন প্রতিশ্রুতিবদ্ধ হয়, তাহলে আল্লাহ তাআলা তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করে তাঁকে মুক্ত করেন। আবু বকর ইবনে আবু দাউদ কিতাবুল মাছাহিফে আবু জায়ফর (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, হযরত জিব্রাঈল (আঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে চুপেচুপে কিছু বলেল তাও হযরত আবু বকর (রাঃ) শুনতে পেতেন।

وَأَخْرَجَ مُحَمَّدُ بْنُ نَصْرٍ الْمَرْوَزِيُّ فِي كِتَابِ الصَّلَاةِ عَنْ حُذَيْفَةَ بْنِ الْيَمَانِ: «أَنَّهُ أَتَى النَّبِيَّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فَقَالَ لَهُ: بَيْنَمَا أَنَا أُصَلِّي إِذْ سَمِعْتُ مُتَكَلِّمًا يَقُولُ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهُ وَلَكَ الْمُلْكُ كُلُّهُ وَبِيَدِكَ الْخَيْرُ كُلُّهُ وَإِلَيْكَ يُرْجَعُ الْأَمْرُ كُلُّهُ عَلَانِيَتُهُ وَسِرُّهُ أَهْلٌ أَنْ تُحْمَدَ إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، اللَّهُمَّ اغْفِرْ لِي جَمِيعَ مَا مَضَى مِنْ ذُنُوبِي، وَاعْصِمْنِي فِيمَا بَقِيَ مِنْ عُمْرِي، وَارْزُقْنِي عَمَلًا زَاكِيًا تَرْضَى بِهِ عَنِّي، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: " ذَاكَ مَلَكٌ أَتَاكَ يُعَلِّمُكَ تَحْمِيدَ رَبِّكَ ." وَأَخْرَجَ محمد بن نصر عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: بَيْنَمَا أَنَا أُصَلِّي إِذْ سَمِعْتُ مُتَكَلِّمًا يَقُولُ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهُ، قَالَ: فَذَكَرَ الْحَدِيثَ نَحْوَهُ .

কিতাবুছ্ ছলাতে মুহাম্মদ ইবনে মারুজী, হযরত হুজাইফা ইবনে ইয়ামানী (রাঃ) হতে বর্ণনা করেছেন। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর নিকট উপস্থিত হয়ে বললাম, আমি যখন নামাজ পড়ছিলাম তখন এক ব্যক্তিকে বলতে শুনলাম, সে বলছে:"হে আল্লাহ তাআলা! আপনার জন্যই সব প্রশংসার পুরোটা, আপনারই সমস্ত রাজত্ব, কল্যাণকর সবই আপনার হাতে, প্রকাশ্য-গোপন সব কর্ম আপনার কাছেই প্রত্যার্পণ করা হবে, আপনিই একমাত্র উপযুক্ত সত্ত্বা যার প্রশংসা করা যায়, নিশ্চয়ই আপনি সব কিছুর উপর মহাশক্তিধর। হে আল্লাহ তাআলা- আমার পূর্বকৃত সকল গোনাহ মাফ করুন এবং আমার বাদবাকী জীবন রক্ষা করুন। আর আমাকে পূত-পবিত্র এমন আমল করার তৌফিক্ব দিন যার মাধ্যমে আপনি আমার উপর রাজী-খুশী হয়ে যাবেন"। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, সে হলো ফেরেস্তা, তোমার রবের উত্তম প্রশংসাবাণী তোমাকে শিক্ষা দিতে তোমার কাছে আগমন করেছিল। মুহাম্মদ ইবনে নছ্র রহ. হযরত আবু হুরাইরাহ (রাঃ) হতে এই (হাদীসটি) বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি যখন নামাজ পড়ছিলাম তখন এক ব্যক্তিকে বলতে

শুনলাম, সে বলছে:- পূর্বের হাদীসটির অনুরূপই বললেন। (অর্থাঃ প্রথম হাদীসটির সূত্র হযরত হুজাইফা ইবনুল ইয়ামান (রাঃ) হতে আর দ্বিতীয়টির সূত্র হযরত আবু হুরাইরাই (রাঃ) হতে)।

وَأَخْرَجَ ابْنُ أَبِي الدُّنْيَا فِي كِتَابِ الذِّكْرِ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ ": قَالَ أُبَيُّ بْنُ كَعْبٍ: لَأَدْخُلَنَّ الْمَسْجِدَ، فَلَأُصَلِّيَنَّ وَلَأَحْمَدَنَّ اللَّهَ بِمَحَامِدَ لَمْ يَحْمِدْهُ بِهَا أَحَدٌ، فَلَمَّا صَلَّى وَجَلَسَ لِيَحْمَدَ اللَّهَ وَيُثْنِيَ عَلَيْهِ إِذَا هُوَ بِصَوْتٍ عَالٍ مِنْ خَلْفٍ يَقُولُ: اللَّهُمَّ لَكَ الْحَمْدُ كُلُّهُ، وَلَكَ الْمُلْكُ كُلُّهُ، وَبِيَدِكَ الْخَيْرُ كُلُّهُ، وَإِلَيْكَ يُرْجَعُ الْأَمْرُ كُلُّهُ، عَلَانِيَتُهُ وَسِرُّهُ، لَكَ الْحَمْدُ إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، [اللَّهُمَّ] اغْفِرْ لِي مَا مَضَى مِنْ ذُنُوبِي، وَاعْصِمْنِي فِيمَا بَقِيَ مِنْ عُمْرِي، وَارْزُقْنِي أَعْمَالًا زَاكِيَةً تَرْضَى بِهَا عَنِّي، وَتُبْ عَلَيَّ، فَأَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَصَّ عَلَيْهِ، فَقَالَ: ذَاكَ جِبْرِيلُ."

ইবনে আবিদ দুনিয়া কিতাবুজ জিকির এ হাদীস খানা-হযরত আনাস ইবনে মালিক (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, হযরত উবাই ইবনে কাআব বলেছেন: অবশ্যই মসজিদে ঢুকব, তারপর নিশ্চিৎ আল্লাহ তাআলার এমন প্রশংসা করব যা আর কেউ করে নি। মসজিদে ঢুকে তিনি নামাজ আদায় করে যখন আল্লাহ তাআলার প্রশংসা ও গুণ-গান করতে বসলেন, তখন হঠাৎ তাঁর পেছন হতে উচ্চস্বরে এক ব্যক্তি বলছে:-

"হে আল্লাহ তাআলা! আপনার জন্যই সমস্ত প্রশংসার সবটুকুন, আপনারই পুরা রাজত্ব, কল্যাণকর সবই আপনার হাতে, প্রকাশ্য-গোপন সব কর্ম আপনার কাছেই প্রত্যার্পিত হবে, আপনারই সকল প্রশংসা, নিশ্চয়ই আপনি সব কিছুর উপর মহাক্ষমতাধর। আমার পূর্বকৃত সকল গোনাহ মাফ করুন এবং আমার বাদবাকী জীবন রক্ষা করুন। আর আমাকে পূত-পবিত্র এমন আমল করার তৌফীক্ব দিন যা দ্বারা আপনি আমার উপর রাজী-খুশী হবেন এবং আমার তওবা ক্ববুল করুন"। তিনি রাসূলুল্লাহ-এর কাছে চলে আসলেন এবং সব ঘটনার বর্ণনা দিলেন। তিনি এরশাদ করলেন: ঐ আওয়াজ দাতা হলো জিব্রাঈল (আঃ)

وَأَخْرَجَ الطَّبَرَانِيُّ وَالْبَيْهَقِيُّ، عَنْ محمد بن مسلمة قَالَ: "«مَرَرْتُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاضِعًا خَدَّهُ عَلَى خَدِّ رَجُلٍ، فَلَمْ أُسَلِّمْ، ثُمَّ رَجَعْتُ،

فَقَالَ لِي: مَا مَنَعَكَ أَنْ تُسَلِّمَ؟ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، رَأَيْتُكَ فَعَلْتَ بِهَذَا الرَّجُلِ شَيْئًا مَا فَعَلْتَهُ بِأَحَدٍ مِنَ النَّاسِ، فَكَرِهْتُ أَنْ أَقْطَعَ عَلَيْكَ حَدِيثَكَ، فَمَنْ كَانَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: جِبْرِيلُ."

ইমাম তাবারানী ও ইমাম বাইহাক্বী মুহাম্মদ মাসলাম (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ -এর পাশ দিয়ে যাচ্ছিলাম। দেখতে পেলাম এক ব্যক্তির গালের উপর তাঁর গাল রাখা। অতএব সালাম জানালাম না। ফেরৎ আসার পর তিনি জিজ্ঞেস করলেন, কিসে তোমাকে সালাম দানে বারণ করল? আমি বললাম, এক ব্যক্তির সাথে আপনি এমন কিছু করছিলেন যা আর কোন মানুষের সাথে করেননি। তাই এমন শুভ আলোচনার (সালাম দিয়ে) অবসান ঘটানো অসুন্দর মনে করলাম। ঐ ব্যক্তিটি কে ছিল ইয়া রাসূলাল্লাহ? তিনি বললেন, জিব্রাঈল।

وَأَخْرَجَ الحاكم عَنْ عائشة قَالَتْ: "«رَأَيْتُ جِبْرِيلَ وَاقِفًا فِي حُجْرَتِي هَذِهِ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُنَاجِيهِ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ مَنْ هَذَا؟ قَالَ: بِمَنْ شَبَّهْتِهِ؟ قُلْتُ: بِدِحْيَةَ قَالَ: لَقَدْ رَأَيْتِ جِبْرِيلَ."

ইমাম হাকিম রহ. হযরত আয়েশা (রাঃ) হতে হাদীসটি বর্ণনা করেছেন। তিনি বলেছেন: আমার এ কামরায় হযরত জীব্রাঈল (আঃ)-কে দন্ডায়মান অবস্থায় দেখলাম। রাসূলুল্লাহ অনুচ্চ আওয়াজে তাঁর সাথে আলাপ করছেন। আরজ করলাম: ঐ ব্যক্তিটি কে ইয়া রাসূলাল্লাহ? জিজ্ঞেস করলেন: তুমি কার আকৃতির সাথে তাঁকে তুলনা করেছ? বললাম, দেহ্ইয়ার (রাঃ) সাথে। বললেন: অবশ্যই তুমি জিব্রাইলকে দেখেছ।

وَأَخْرَجَ الْبَيْهَقِيُّ عَنْ حذيفة قَالَ ": صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ خَرَجَ، فَتَبِعْتُهُ، فَإِذَا عَارِضٌ قَدْ عَرَضَ لَهُ، فَقَالَ لِي: يَا حذيفة هَلْ رَأَيْتَ الْعَارِضَ الَّذِي عَرَضَ لِي؟ قُلْتُ: نَعَمْ، قَالَ: ذَاكَ مَلَكٌ مِنَ الْمَلَائِكَةِ لَمْ يَهْبِطْ إِلَى الْأَرْضِ قَبْلَهَا، اسْتَأْذَنَ رَبَّهُ، فَسَلَّمَ عَلَيَّ، وَبَشَّرَنِي بالحسن والحسين أَنَّهُمَا سَيِّدَا شَبَابِ أَهْلِ الْجَنَّةِ، وَأَنَّ فاطمة سَيِّدَةُ نِسَاءِ أَهْلِ الْجَنَّةِ."

ইমাম বায়হাক্বী রহ. হযরত হুযাইফা (রাঃ) হতে বর্ণনা করেছেন; তিনি বলেছেন, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের সাথে নামাজ আদায় করে বাইরে বেরিয়ে গেলেন, আমিও তাঁর অনুসরণ করে পেছনে পেছনে

চলছিলাম। হঠাৎ দেখি, এক আগন্তুক তাঁর সমীপে উপস্থিত। কিছুক্ষণ পরে আমাকে জিজ্ঞেস করলেন, হে হুযাইফা! আগন্তুক লোকটিকে তুমি দেখছ? বললাম, জি হ্যাঁ। তিনি বললেন-সে হলো, ফেরেস্তাদের মধ্যে এমন এক ফেরেস্তা যিনি এর পূর্বে পৃথিবীতে অবতরণ করেন নি। সে তার রবের অনুমতি নিয়ে আমার নিকট এসে সালাম পেশ করল এবং সুসংবাদ দিয়ে ছলেগেল, হাসান ও হোসাইন (রাঃ) জান্নাতী যুবকদের সর্দার। আর জান্নাতী রমণীদের সর্দার হলেন ফাতিমা (রাঃ)।

وَأَخْرَجَ أحمد، وَالْبُخَارِيُّ تَعْلِيقًا، وَمُسْلِمٌ، وَالنَّسَائِيُّ، وأبو نعيم، وَالْبَيْهَقِيُّ، كِلَاهُمَا فِي دَلَائِلِ النُّبُوَّةِ، «عَنْ أسيد بن حضير، أَنَّهُ بَيْنَمَا هُوَ يَقْرَأُ مِنَ اللَّيْلِ سُورَةَ الْبَقَرَةِ وَفَرَسُهُ مَرْبُوطَةٌ عِنْدَهُ، إِذْ جَالَتِ الْفَرَسُ، فَسَكَتَ فَسَكَنَتْ، ثُمَّ قَرَأَ فَجَالَتْ، فَسَكَتَ فَسَكَنَتْ، فَرَفَعَ رَأْسَهُ إِلَى السَّمَاءِ، فَإِذَا هِيَ بِمِثْلِ الظُّلَّةِ فِيهَا أَمْثَالُ الْمَصَابِيحِ عَرَجَتْ إِلَى السَّمَاءِ حَتَّى مَا يَرَاهَا، فَلَمَّا أَصْبَحَ حَدَّثَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِذَلِكَ، فَقَالَ: تِلْكَ الْمَلَائِكَةُ دَنَتْ لِصَوْتِكَ، وَلَوْ قَرَأْتَ لَأَصْبَحَتْ تَنْظُرُ النَّاسُ إِلَيْهَا لَا تَتَوَارَى مِنْهُمْ.

ইমাম আহমাদ ও ইমাম বুখারী (মন্তব্য বা সমীক্ষা হিসেবে) এবং ইমাম মুসলিম, নাসাঈ, আবু নাঈম ও বায়হাক্বী (শেষের) দুজন তাঁদের দালায়েলুন নুবওয়্যাতে হযরত উসাইদ ইবনে হুদ্বাইর (রাঃ) হতে বর্ণনা করেছেন যে, একদা তিনি রাতের বেলা সূরা বাক্বারা তিলাওয়াত করছিলেন। তাঁর সন্নিকটে তাঁর ঘোড়াগুলিও বাঁধা ছিল। (সূরা পাঠের সময়) ঘোড়াগুলি অস্বাভাবিক আচরণ করতে লাগল। তিনি তিলাওয়াত বন্ধ করলে পর তারাও শান্ত হয়ে যায়। আবার তিলাওয়াত শুরু করলে পূর্বের মত ঘোড়াগুলিও অস্থির হয়ে উঠে। পড়া বন্ধ করলে চুপ হয়ে যায়। অতঃপর তিনি আকাশের দিকে দৃষ্টিপাত করতেই দেখতে পান; ছায়ার মত, তার ভিতরে অসংখ্য প্রদীপ-বাতি, বিস্তৃত উর্ধ্বকাশে উঠে গেছে দৃষ্টিসীমার বাইরে। সকাল হলে পর তিনি ঘটনাটি রসূল-এর খেদমতে আরজ করলেন। তিনি বললেন, ফেরেস্তারা তোমার তিলাওয়াতের আওয়াজ শুনে তোমার নিকট পর্যন্ত চলে এসেছিল। যদি তুমি তিলাওয়াত চালিয়ে যেতে তারাও এ অবস্থায়ই থাকতো। সকালে লোকজন তাদেরকে দেখতে পেত, তারা তাদের কাছ থেকে আত্মগোপন করতো না।

وَأَخْرَجَ الْوَاقِدِيُّ وَابْنُ عَسَاكِرَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: «رَأَيْتُ يَوْمَ بَدْرٍ رَجُلَيْنِ عَنْ يَمِينِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَدُهُمَا وَعَنْ يَسَارِهِ أَحَدُهُمَا، يُقَاتِلَانِ أَشَدَّ الْقِتَالِ، ثُمَّ ثَلَّثَهُمَا ثَالِثٌ مِنْ خَلْفِهِ، ثُمَّ رَبَّعَهُمَا رَابِعٌ أَمَامَهُ.

ওয়াক্বেদী ও ইবনু আসাকের অবদুর রহমান ইবনে আওফ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেন যে, আমি বদরের দিন দেখতে পেলাম দুজন ফেরেস্তা। একজন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম -এর ডানে ও অপরজন বামে। তাঁরা তীব্রতর যুদ্ধ করে চলেছে। তারপর দেখলাম তৃতীয় একনজন তাঁর পেছনে ও চতুর্থজন সামনে।

وَأَخْرَجَ إسحاق بن راهويه فِي مُسْنَدِهِ، وَابْنُ جَرِيرٍ فِي تَفْسِيرِهِ، وأبو نعيم وَالْبَيْهَقِيُّ كِلَاهُمَا فِي دَلَائِلِ النُّبُوَّةِ، عَنْ أَبِي أُسَيْدٍ السَّاعِدِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ قَالَ بَعْدَ مَا عَمِيَ: لَوْ كُنْتُ مَعَكُمْ بِبَدْرٍ الْآنَ وَمَعِيَ بَصَرِي لَأَخْبَرْتُكُمْ بِالشِّعْبِ الَّذِي خَرَجَتْ مِنْهُ الْمَلَائِكَةُ، لَا أَشُكُّ وَلَا أَتَمَارَى.

অপর একটি হাদীস ইসহাক্ব ইবনে রাহ্ওয়াই তাঁর মুসনাদে ও তাফসীরে ইবনে জারীরে ইমামা ইবনে জারীর, আর আবু নাঈম ও বায়হাক্বী তাঁদের উভয়ের দালায়েলুন নুবুওয়্যাতে আবু উসাদ সায়েদী (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি অন্ধ হবার পর বলেছিলেন যে, আমি যদি এখন তোমাদের সাথে বদরের ময়দানে উপস্থিত হতাম ও আমার দৃষ্টিশক্তি থাকতো, তাহলে আমি নিঃসন্দেহে ও নির্দ্বিধায় তোমাদেরকে দেখিয়ে দিতাম; যে গিরিপথ ধরে ফেরেস্তারা ময়দানে বেরিয়ে এসেছিল।

وَأَخْرَجَ الْبَيْهَقِيُّ عَنْ أَبِي بُرْدَةَ بْنِ نِيَارٍ قَالَ: "«جِئْتُ يَوْمَ بَدْرٍ بِثَلَاثَةِ رُءُوسٍ، فَوَضَعْتُهُنَّ بَيْنَ يَدَيِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ، أَمَّا رَأْسَانِ فَقَتَلْتُهُمَا، وَأَمَّا الثَّالِثُ فَإِنِّي رَأَيْتُ رَجُلًا أَبْيَضَ طَوِيلًا ضَرَبَهُ، فَأَخَذْتُ رَأْسَهُ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ذَاكَ فُلَانٌ مِنَ الْمَلَائِكَةِ."

বায়হক্বী শরীফে ইমাম বায়হাক্বী আবু বুরদা ইবনে নাইয়্যার (রাঃ) হতে হাদীসটি বর্ণনা করছেন। তিনি বলেন, আমি বদরের যুদ্ধের দিন তিনটি খন্ডিত মাথা এনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সমীপে পেশ করলাম। তারপর বললাম, ইয়া রসূলাল্লাহ! খন্ডিত একটি মাথা আমি নিজে দুজনকে হত্যা করে এনেছি। তৃতীয়টি হলো এমন এক ব্যক্তির, যাকে সুন্দর-উজ্জ্বল, দীর্ঘ দেহী এক ব্যক্তিকে হত্যা করতে দেখলাম, তারপর মাথাটি আমি নিয়ে আপনার নিকট হাজির হলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, সে হলো ফেরস্তাদের মধ্যে অমুক।

وَأَخْرَجَ الْبَيْهَقِيُّ عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ الْمَلَكُ يَتَصَوَّرُ فِي صُورَةِ مَنْ تَعْرِفُونَ مِنَ النَّاسِ يُثَبِّتُونَهُمْ، فَيَقُولُ :إِنِّي دَنَوْتُ مِنْهُمْ فَسَمِعْتُهُمْ يَقُولُونَ: لَوْ حَمَلُوا عَلَيْنَا مَا ثَبَتْنَا، لَيْسُوا بِشَيْءٍ، فَذَلِكَ قَوْلُهُ تَعَالَى} :إِذْ يُوحِي رَبُّكَ إِلَى الْمَلَائِكَةِ أَنِّي مَعَكُمْ فَثَبِّتُوا الَّذِينَ آمَنُوا} [الأنفال: ১২.]

এ হাদীসটিও ইমাম বায়হাক্বী ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণনা করছেন। তিনি বলেন, তোমরা নিজেদের মধ্যে যে যাকে যে আকৃতিতে চিনতে (বদরের ময়দানে) ফেরেস্তারা সে আকৃতি ধারণ করে শক্তি যুগিয়েছে। আমি তাদের নিকটবর্তী হয়ে শুনতে পেলাম তারা বলছে, তারা যদি আমাদের উপর আক্রমণ করে আমরা প্রতিআক্রমণ করব না বরং তা আমাদের দায়িত্বও নয়। আল্লাহ তাআলার কথাও তাই: "যখন ফেরেস্তাদেরকে তোমার রব্ব বলে দিলেন, যাও আমি তোমাদের সাথে আছি, তোমরা গিয়ে মুমিনদেরকে শক্তি যোগাও"।

وَأَخْرَجَ أحمد، وابن سعد، وَابْنُ جَرِيرٍ، وأبو نعيم فِي الدَّلَائِلِ، عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ ": كَانَ الَّذِي أَسَرَ العباس أَبُو الْيُسْرِ كَعْبُ بْنُ عَمْرٍو، وَكَانَ أبو اليسر رَجُلًا جَمُوعًا، وَكَانَ العباس رَجُلًا جَسِيمًا، فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا أبا اليسر كَيْفَ أَسَرْتَ العباس؟ فَقَالَ: يَا رَسُولَ اللهِ، لَقَدْ أَعَانَنِي عَلَيْهِ رَجُلٌ مَا رَأَيْتُهُ قَبْلَ ذَلِكَ وَلَا بَعْدَهُ، هَيْئَتُهُ كَذَا وَكَذَا، فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَقَدْ أَعَانَكَ عَلَيْهِ مَلَكٌ كَرِيمٌ."

ইবনে আব্বাস (রাঃ) হতে এ হাদীসটি বর্ণনা করেছেন, আহ্‌মদ, ইবনে সায়দ ও ইবনে জারীর এবং আবূ নাঈম দালায়েলুল নুবুওয়্যাতে। তিনি বলেন, হযরত

আব্বাস (রাঃ)-কে হযরত আবুল ইয়াস্‌র কাআব ইবনে আমর (রাঃ) বন্দী করে নিয়ে আসেন। (মজার ব্যাপার হলো) একদিকে আবুল ইয়াস্‌র (রাঃ) ছিলেন খর্বাকৃতির হালকা-পাতলা ব্যক্তি, অপরদিকে হযরত আব্বাস (রাঃ) ছিলেন প্রকান্ড দেহধারী নাদুসনুদুস। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞেস করলেন, হে আবু ইয়াস্‌র! তুমি কেমন করে আব্বাসকে আটক করলে? তিনি বললেন, ইয়া রাসূলাল্লাহ! তাঁর বিরুদ্ধে আমাকে এমন এক ব্যক্তি সাহায্য করেছে যাকে আমি এর আগেও ও দেখিনি, পরেও না। তাঁর আকার-আকৃতি এই এই রকম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তাঁর বিপরীতে তোমাকে সহায়তা করেছে এক মহিমান্বিত ফেরেস্তা।

وَأَخْرَجَ ابن سعد وَالْبَيْهَقِيُّ، عَنْ عمار بن أَبِي عمار: " أَنَّ حَمْزَةَ بْنَ عَبْدِ الْمُطَّلِبِ قَالَ: «يَا رَسُولَ اللَّهِ أَرِنِي جِبْرِيلَ فِي صُورَتِهِ، قَالَ: اقْعُدْ فَقَعَدَ، فَنَزَلَ جِبْرِيلُ عَلَى خَشَبَةٍ كَانَتْ فِي الْكَعْبَةِ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ارْفَعْ طَرْفَكَ [فَانْظُرْ، فَرَفَعَ طَرْفَهُ] فَرَأَى قَدَمَيْهِ مِثْلَ الزَّبَرْجَدِ الْأَخْضَرِ."

আর ইবনে সায়দ ও বাইহাক্বী এ হাদীসটি বর্ণনা করেছেন, আম্মার ইবনে আবু আম্মার (রাঃ) হতে। তিনি বলেন যে, একবার হযরত হামজা ইবনে আবদুল মুত্তালিব আরজ করলেন, হে আল্লাহর রসূল ! (দয়া করে) জিব্রাঈল (আঃ)-কে তাঁর স্বআকৃতিতে আমাকে দেখান। তিনি বললেন: বসেন, তিনি (হামজা রাঃ) বসে গেলেন। অতঃপর জিব্রাঈল (আঃ) কা'বা শরীফে রক্ষিত একটি খুঁটির উপর অবতরণ করলেন। তিনি বললেন, আপনার চক্ষু উপর দিকে উত্তোলন করুন। তিনি (রাঃ) হযরত জিব্যাঈলের দুপা সবুজ জবরজদের (একজাতীয় বেহেস্তী পাথর) মতো দেখতে পেলেন।

وَأَخْرَجَ ابْنُ أَبِي الدُّنْيَا فِي كِتَابِ الْقُبُورِ، وَالطَّبَرَانِيُّ فِي الْأَوْسَطِ، عَنِ ابْنِ عُمَرَ قَالَ: " «بَيْنَا أَنَا أَسِيرُ بِجَنَبَاتِ بَدْرٍ، إِذْ خَرَجَ رَجُلٌ مِنْ حُفْرَةٍ فِي عُنُقِهِ سِلْسِلَةٌ فَنَادَانِي، يَا عبد الله اسْقِنِي، وَخَرَجَ رَجُلٌ مِنْ تِلْكَ الْحُفْرَةِ فِي يَدِهِ سَوْطٌ، فَنَادَانِي يَا عبد الله لَا تَسْقِهِ ؛ فَإِنَّهُ كَافِرٌ، ثُمَّ ضَرَبَهُ بِالسَّوْطِ حَتَّى عَادَ إِلَى حُفْرَتِهِ، فَأَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْبَرْتُهُ، فَقَالَ لِي: أَوَقَدْ رَأَيْتَهُ؟ قُلْتُ :نَعَمْ، قَالَ: ذَاكَ عَدُوُّ اللَّهِ أبو جهل وَذَاكَ عَذَابُهُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ." مَحَلُّ

الِاسْتِدْلَالِ رُؤْيَتُهُ الرَّجُلَ الَّذِي خَرَجَ عَقِبَهُ وَضَرْبُهُ بِالسَّوْطِ، فَإِنَّهُ الْمَلَكُ الْمُوَكَّلُ بِتَعْذِيبِهِ.

কিতাবুল কুবূরে ইবনে আবিদ দুনইয়া ও আল্-আওসাতে তাবারানী হযরত আব্দুল্লাহ ইবনে ওমর (রাঃ) হতে বর্ণনা করেছেন। আমি যখন বদরের এক পাশে আটক অবস্থায় ছিলাম, তখন হঠাৎ এক ব্যক্তি গুহা হতে বেরিয়ে এলো, ঘাড়ে শিকল বাঁধা। সে আমাকে ডাক দিয়ে বল্ল, হে আবদুল্লাহ! আমাকে পানি পান করাও। পেছনে আর এক ব্যক্তি ঐ গুহা হতেই বেরিয়ে এলো তাঁর হাতে চাবক। সে আমাকে ডেকে বলল, হে আবদুল্লাহ! তাকে পানি পান করাবেনা। কেননা সে কাফের। তারপর সে তাকে চাবুক মারতে শুরু করলো এবং মারতেই থাকলো যে পর্যন্ত না সে গর্তে ফেরৎ গেল। পরে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিকট হাজির হয়ে ঘটনাটি জানালাম। তিনি জিজ্ঞেস করলেন, তুমি কী তাকে দেখেছ? বললাম, হ্যাঁ। তিনি বল্লেন, সে হলো আল্লাহর তাআলার দুশমন আবু জাহেল। ক্বিয়ামত পযন্ত এভাবেই তার আজাব চলতে থাকবে। দলীল-প্রমাণের ক্ষেত্রটি হলো; পেছনে বের হয়ে আসা ব্যক্তিটি ও চাবুক মারা। কেননা সেই তাকে শাস্তি প্রদানের দায়িত্ব প্রাপ্ত ফেরেস্তা।

وَأَخْرَجَ ابْنُ أَبِي الدُّنْيَا، وَالطَّبَرَانِيُّ، وَابْنُ عَسَاكِرَ، مِنْ طَرِيقِ عُرْوَةَ بْنِ رُوَيْمٍ، عَنِ الْعِرْبَاضِ بْنِ سَارِيَةَ الصَّحَابِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّهُ كَانَ يُحِبُّ أَنْ يُقْبَضَ، فَكَانَ يَدْعُو: اللَّهُمَّ كَبُرَتْ سِنِّي، وَوَهَنَ عَظْمِي، فَاقْبِضْنِي إِلَيْكَ، قَالَ: فَبَيْنَمَا أَنَا يَوْمًا فِي مَسْجِدِ دِمَشْقَ وَأَنَا أُصَلِّي وَأَدْعُو أَنْ أُقْبَضَ، إِذَا أَنَا بِفَتًى شَابٍّ مِنْ أَجْمَلِ الرِّجَالِ، وَعَلَيْهِ رِوَاحٌ أَخْضَرُ، فَقَالَ: مَا هَذَا الَّذِي تَدْعُو بِهِ؟ قُلْتُ: وَكَيْفَ أَدْعُو؟ قَالَ: قُلْ: اللَّهُمَّ حَسِّنِ الْعَمَلَ، وَبَلِّغِ الْأَجَلَ، قُلْتُ: مَنْ أَنْتَ يَرْحَمُكَ اللَّهُ؟ قَالَ: أَنَا رَتَابِيلُ الَّذِي يَسُلُّ الْحُزْنَ مِنْ صُدُورِ الْمُؤْمِنِينَ، ثُمَّ الْتَفَتُّ فَلَمْ أَرَ أَحَدًا.

ইবনে আবিদ দুনইয়া, ত্বিবরানী ও ইবনে আসাকের ওরওয়া ইবনে রুওয়াইম সূত্রে, তিনি ইরবাদ ইবনে সারিয়া (রা) হতে বর্ণনা করেছেন। মৃত্যুমুখে পতিত হওয়াকেই তিনি (ইরবাদ ইবনে সারিয়া রাঃ) অধিক পছন্দ করতেন। তাই দুয়া করতেন:

হে আল্লাহ! বয়স বেড়ে গেছে, দেহ-মন দূর্বল-শক্তিহীন হয়ে গেছে। সুতরাং আমাকে আপনার কাছে তুলি নিয়ে যান্ আমিও একদিন দামেস্ক্বের মসজিদে নামাজ আদায় করে মৃত্যু কামনা করে দুয়া করছিলাম। হঠাৎ দেখি; সবুজ পোশাক পরিহিত অতি সুশ্রী-সুন্দর এক যুবকের সাথে আমি। সে বল্ল : এভাবে বলো;

হে আল্লাহ! আমার আমলকে সুন্দর-সুসজ্জিত করো এবং নির্ধারিত সময়ে পৌঁছে দাও। বল্লাম আল্লাহ তাআলা আপনার উপর রহম করুন, আপনি কে? সে বল্ল, আমি রাতাবীল, যে মুমিনদের মন হতে চিন্তা-ভাবনা বের করে নেয়। তারপর ঘুরে- ফিরে কাউকেই দেখতে পেলাম না।

وَأَخْرَجَ ابن عساكر فِي تَارِيخِهِ، عَنْ سعيد بن سنان قَالَ: أَتَيْتُ بَيْتَ الْمَقْدِسِ أُرِيدُ الصَّلَاةَ، فَدَخَلْتُ الْمَسْجِدَ، فَبَيْنَمَا أَنَا عَلَى ذَلِكَ، إِذْ سَمِعْتُ حَفِيفًا لَهُ جَنَاحَانِ قَدْ أَقْبَلَ وَهُوَ يَقُولُ: سُبْحَانَ الدَّائِمِ الْقَائِمِ، سُبْحَانَ الْحَيِّ الْقَيُّومِ، سُبْحَانَ الْمَلِكِ الْقُدُّوسِ، سُبْحَانَ رَبِّ الْمَلَائِكَةِ وَالرُّوحِ، سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ، سُبْحَانَ الْعَلِيِّ الْأَعْلَى سُبْحَانَهُ وَتَعَالَى، ثُمَّ أَقْبَلَ حَفِيفٌ يَتْلُوهُ يَقُولُ مِثْلَ ذَلِكَ، ثُمَّ أَقْبَلَ حَفِيفٌ بَعْدَ حَفِيفٍ يَتَجَاوَبُونَ بِهَا حَتَّى امْتَلَأَ الْمَسْجِدُ، فَإِذَا بَعْضُهُمْ قَرِيبٌ مِنِّي فَقَالَ: آدَمِيٌّ؟ قُلْتُ: نَعَمْ، قَالَ: لَا رَوْعَ عَلَيْكَ، هَذِهِ الْمَلَائِكَةُ.

ইবনে আসাকের তাঁর ইতিহাস গ্রন্থে হযরত সাঈদ সিনান হতে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমি বায়তুল মুক্বাদ্দাসে নামাজ পড়ার উদ্দেশ্যে এসে মসজিদে প্রবেশ করলাম। এ অবস্থায়ই আমি হঠাৎ শুনতে পেলাম, হিসহিস শব্দ করে কে যেন এগিয়ে আসছে। তাঁর দুটি ডানা। সে বলছে:- "চিরস্থায়ী ও চিরবিদ্যমান আল্লাহ পবিত্র-নিষ্কলুম। চিরঞ্জব ও অবিনশ্বর আল্লাহ তাআলা পূত-পবিত্র। মহান অধিপতি ও মহা পবিত্র সত্তার গুণগান। সকল ফেরেস্তা ও জীব্রাঈলের রব অতি পবিত্র-খুঁতমুক্ত। প্রশংসাসহ সব পবিত্রতা আল্লাহ তাআলার। সুউচ্চতম সমুন্নত আল্লাহ তাআলা মহিমাময়। তিনি পূত-পবিত্র, অতি মহান"। আসল। এরকম অনুচ্ছ আওয়াজে ফিসফিস করে পাঠকারী আসতে আসতে মসজিদ পরিপূর্ণ হয়ে গেল। অকস্মাৎ তাদের কেউ একজন আমার অতি নিকটে চলে এল এবং বলল, মানুষ? বল্লাম: হ্যাঁ এসব ফেরেস্তা তোমার জন্য অতি মনোমুকর, চমৎকার।

تَذْنِيبٌ: وَمِمَّا يُمْكِنُ أَنْ يَدْخُلَ هُنَا مَا أَخْرَجَهُ أبو داود مِنْ طَرِيقِ أَبِي عمير بن أنس، عَنْ عُمُومَةٍ لَهُ مِنَ الْأَنْصَارِ، «أَنَّ عبد الله بن زيد قَالَ: يَا رَسُولَ اللَّهِ، إِنِّي لَبَيْنَ نَائِمٍ وَيَقْظَانَ إِذْ أَتَانِي آتٍ، فَأَرَانِي الْأَذَانَ، وَكَانَ عُمَرُ بْنُ الْخَطَّابِ قَدْ رَآهُ قَبْلَ ذَلِكَ فَكَتَمَهُ عِشْرِينَ يَوْمًا . وَفِي كِتَابِ الصَّلَاةِ لِأَبِي نُعَيْمٍ الْفَضْلِ بْنِ دُكَيْنٍ، أَنَّ عبد الله بن زيد قَالَ :لَوْلَا اتِّهَامِي لِنَفْسِي لَقُلْتُ: إِنِّي لَمْ أَكُنْ نَائِمًا،

সংযুক্তি: আরো যা যা এখানে যুক্ত হতে পারে তার মধ্যে: এ হাদীসটিও উল্লেখ যোগ্য। সংকলন করেছেন; ইমাম আবূ দাউদ-আবূ ওমাইর ইবনে আনাস (রাঃ) হতে। তিনি-তাঁর সম্পর্কে চাচা হন-এমন এক আনছারী (রাঃ) হতে বর্ণনা করেন যে, আব্দুল্লাহ ইবনে যায়েদ বলেছেন, হে আল্লাহর রসূল আমি নিদ্রা ও জাগ্রত অবস্থার মাঝামাঝি। এমন সময় হঠাৎ আমার কাছে এক আগন্তুকে এসে আজান দিয়ে দেখালেন। অপরদিকে ওমর ইবনে খাত্তাব (রাঃ) এর পূর্বেই তাঁকে দেখেছিলেন এবং ২০ দিন তা গোপন করে রেখে ছিলেন। আর কিতাবুছ ছালাতে আবু নাঈম ফদ্বল ইবনে দাকীন সূত্রে বর্ণনা করেন যে, আব্দুল্লাহ ইবনে যায়েদ বলেছেন; যদি আমাকে আমি সন্দেহ না করতাম তা হলে সুনিশ্চৎভাবে বলতাম: আমি অবশ্যই নিদ্রিত ছিলাম না"।

وَفِي سُنَنِ أَبِي داود مِنْ طَرِيقِ ابْنِ أَبِي لَيْلَى: «جَاءَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، رَأَيْتُ رَجُلًا كَأَنَّ عَلَيْهِ ثَوْبَيْنِ أَخْضَرَيْنِ، فَأَذَّنَ ثُمَّ قَعَدَ قَعْدَةً، ثُمَّ قَامَ فَقَالَ مِثْلَهَا، إِلَّا أَنَّهُ يَقُولُ: قَدْ قَامَتِ الصَّلَاةُ، وَلَوْلَا أَنْ يَقُولَ النَّاسُ لَقُلْتُ: إِنِّي كُنْتُ يَقْظَانًا غَيْرَ نَائِمٍ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَقَدْ أَرَاكَ اللَّهُ خَيْرًا.

সুনানে আবূ দাউদে ইবনে আবূ লায়লা (রাঃ) সূত্রে বর্ণীত হাদীসটিও উল্লেখযোগ্য। ইবনে আবূ লায়লা (রাঃ) বলেন, এক আনছারী (রাঃ) দরবারে নববীতে হাজির হয়ে আরজ করলো, হে আল্লাহর রাসূল! দুটি সবুজ রঙের পোশাক পরিহিত এক ব্যক্তিকে দেখলাম, সে আজান দিয়ে বসে শুরুমাত্র ক্বাদ ক্বামাতিছ ছালাহ যোগ করলো। লোকজন কিছু মনে না করলে-আমি ঘুমন্ত নই

জাগ্রত বলতাম। রাসূলুল্লাহ বললেন, আল্লাহ তাআলা তোমাকে সর্বোত্তমই দেখিয়েছেন।

فَقَالَ الشَّيْخُ ولي الدين العراقي فِي شَرْحِ سُنَنِ أَبِي داود: قَوْلُهُ " :إِنِّي لَبَيْنَ نَائِمٍ وَيَقْظَانَ " مُشْكِلٌ ؛ لِأَنَّ الْحَالَ لَا يَخْلُو عَنْ نَوْمٍ أَوْ يَقَظَةٍ، فَكَانَ مُرَادُهُ أَنَّ نَوْمَهُ كَانَ خَفِيفًا قَرِيبًا مِنَ الْيَقَظَةِ، فَصَارَ كَأَنَّهُ دَرَجَةٌ مُتَوَسِّطَةٌ بَيْنَ النَّوْمِ وَالْيَقَظَةِ. قُلْتُ: أَظْهَرُ مِنْ هَذَا أَنْ يُحْمَلَ عَلَى الْحَالَةِ الَّتِي تَعْتَرِي أَرْبَابَ الْأَحْوَالِ وَيُشَاهِدُونَ فِيهَا مَا يُشَاهِدُونَ، وَيَسْمَعُونَ مَا يَسْمَعُونَ، وَالصَّحَابَةُ رَضِيَ اللَّهُ عَنْهُمْ هُمْ رُءُوس أَرْبَابِ الْأَحْوَالِ.

শাইখ অলী উদ্দীন ইরাক্বী শরহে সুনানে আবূ দাউদে এ বিষয়ে যা বলেছেন, তা হলো এই: নিদ্রা ও জাগ্রত অবস্থার মাঝামাঝি বলা মুশকিল-জটিল। এর উদ্দেশ্য এ হতে পারে যে, তাঁর নিদ্রা ছিল হালকা, জাগ্রত অবস্থার কাছাকাছি। দুয়ের মধ্যমাত্রা, যা অঘোর ঘুম ও জাগ্রত অবস্থার মধ্যবর্তী সময়ে হয়। আমি বলি: এর চেয়েও পরিস্কার হলো-কথাটিকে এমন অবস্থার উপর আরোপ করা, যা অতি উচ্চস্তরের আধ্যাত্মিক ক্ষমতা সম্পন্ন ব্যক্তিবর্গের অবস্থা। (যা তাঁদের ক্ষেত্রে অহরহ আপতিত হয়ে থাকে)। তাঁরা ঐ অবস্থায় যা দেখার তাই দেখেন, যা শোনার তাই শোনেন। আর সাহাবায়ে কেরামতো ঐ আধ্যাত্মিক অবস্থাসম্পন্ন ব্যক্তিগনের সবার শীর্ষে।

وَقَدْ وَرَدَ فِي عِدَّةِ أَحَادِيثَ أَنَّ أبا بكر وعمر وبلالا رَأَوْا مِثْلَ مَا رَأَى عبد الله بن زيد. وَذَكَرَ إمام الحرمين فِي النِّهَايَةِ، وَالْغَزَالِيُّ فِي الْبَسِيطِ، أَنَّ بِضْعَةَ عَشَرَ مِنَ الصَّحَابَةِ كُلُّهُمْ قَدْ رَأَى مِثْلَ ذَلِكَ. وَفِي الْحَدِيثِ [أَنَّ] الَّذِي نَادَى بِالْأَذَانِ فَسَمِعَهُ عمر وبلال جِبْرِيلُ أَخْرَجَهُ الحارث بن أبي أسامة فِي مُسْنَدِهِ، وَيُشْبِهُ هَذَا مَا أَخْرَجَهُ ابن عساكر فِي تَارِيخِهِ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ قَالَ: «دَخَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى أَبِي بكر فَرَآهُ ثَقِيلًا، فَخَرَجَ مِنْ عِنْدِهِ، فَدَخَلَ عَلَى عائشة لِيُخْبِرَهَا بِوَجَعِ أَبِي بكر، إِذْ دَخَلَ أبو بكر يَسْتَأْذِنُ، فَدَخَلَ فَجَعَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَعَجَّبُ لِمَا عَجَّلَ اللَّهُ لَهُ

مِنَ الْعَافِيَةِ، فَقَالَ: مَا هُوَ إِلَّا أَنْ خَرَجْتَ مِنْ عِنْدِي فَغَفَوْتُ، فَأَتَانِي جِبْرِيلُ عَلَيْهِ السَّلَامُ، فَسَطَعَنِي سَطْعَةً، فَقُمْتُ وَقَدْ بَرَأْتُ. فَلَعَلَّ هَذِهِ غَفْوَةُ حَالٍ لَا غَفْوَةُ نَوْمٍ

আরো বেশ কিছু হাদীস পাওয়া যায়, যেগুলোতে হযরত আবূ বকর (রাঃ), হযরত ওমর (রাঃ) ও হযরত বিলাল (রাঃ) অনুরূপ দেখেছেন বলে উল্লেখ রয়েছে। আন নিহায়াতে ইমামুল হারামাইন এবং আল-বাসীতে ইমাম গাজ্জালী রহ. উল্লেখ করেছেন যে, দশেরও অধিক সাহাবী অনুরূপ দেখেছেন। আর যে হাদীসে আজান দেওয়া ও হযরত ওমর (রাঃ), হযরত বিলাল (রাঃ) ও হজরত জিব্রাঈল (আঃ)-এর শোনার কথা উল্লেখিত, ঐ হাদীসটি মুসনাদে হারিসে বর্ণনা করেছেন, ইমাম হারিস ইবনে আবূ উসামা। এর মতোই ইবনে আসাকির তার ইতিহাস গ্রন্থে মুহাম্মদ ইবনে মুনকাদির হতে হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি অসাল্লাম হযরত আবূ বকর (রাঃ)-কে দেখতে গিয়ে তাঁকে গুরুতর অবস্থায় পান। তিনি সেখান থেকে হযরত আয়েশার নিকট গমন করে হযরত আবূ বকর (রাঃ)-এর ব্যথা-বেদনার খবর জানান। ঐ মুহূর্তেই আবূ বকর সেখানে উপস্থিত হয়ে ভিতরে প্রবেশের অনুমতি প্রার্থনা করেন। তিনি ভিতরে প্রবেশ করলে পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশ্চর্যান্বিত হলেন যে, কত দ্রুত আল্লাহ তাআলা তাঁকে রোগমুক্ত করে দিলেন। তিনি (আবূ বকর) বললেন, আপনি ঘর হতে বের হবার সাথে সাথেই আমি তন্দ্রাচ্ছন্ন হলাম। তখন হযরত জিব্রাঈল এসে আলোক বিচ্ছোরণ করলো, আমি দাঁড়িয়ে গেলাম ও সুস্থ হয়ে গেলাম। সম্ভবত এটা অন্য এক অবস্থা, তন্দ্রাচ্ছন্নতা নয়।

Sunni-Encyclopedia.blogspot.com
PDF by (Masum Billah Sunny)

আমাদের প্রকাশি... গ্রন্থাবলী

১। বিশ্বনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সৃষ্টিতত্ত্ব (১০০টি নূরের দলিল)	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
২। সৃষ্টিতত্ত্ব ২য় খন্ড (আগুন পর্ব)	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৩। ইলমে গাইব (খাসায়েসুল কুবরা অবলম্বনে)	ইমাম জালালুদ্দীন সুয়ূতী (রহঃ)
৪। বারাহিনে কাতিয়া ফি মাওলিদি খাইরিল বারিয়্যা	আল্লামা. কারামত আলী জৈনপুরী (রহঃ)
৫। হুছনুল মাকসিদ ফি আমালিল মাওলিদ	ইমাম জালালুদ্দীন সুয়ূতী (রহঃ)
৬। আন নিয়ামাতুল কুবরা	ইমাম ইবনে হাজার হাইতামী (রহঃ)
৭। আদ দুররুছ ছামীন	শাহ্ ওয়ালী উল্লাহ মোহাদ্দেসে দেহলবী (রহঃ)
৮। যুগে যুগে দেশে দেশে পবিত্র মীলাদ শরীফ	মো. আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৯। মাদারেজুন নবুওত	শাহ্ আব্দুল হক মোহাদ্দেসে দেহলবী (রহঃ)
১০। আল মুহান্নাদ আলাল মুফান্নাদ	খলিল আহমদ সাহারানপুরী
১১। স্বপ্ন ও জাগ্রত অবস্থায় হুযুর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাক্ষাত লাভ	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
১২। আল মাওরিদুর রাবী	ইমাম মুল্লা আলী কারী (রহ)
১৩। আকওয়ালুল আখইয়া ফি মাওলিদুন নাবীয়্যিল মুখতার সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মীলাদ শরীফের সংক্ষিপ্ত ইতিহাস (৩ শতাধিক দলিল)	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
১৪। আহকামুল মায়্যিত	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
১৫। ফাযায়েলে মাসনুন ঝিকির ও দোয়া	ইমাম হাফিজ ইবনুল মুনজিরি (রহ.)
১৬। আরফুত তায়রীফ বিল মওলিদিশ শরীফ	ইমাম জাজরী (রহঃ)
১৭। মাওলিদুল আরুছ	ইমাম জাওজী (রহঃ)
১৮। আরশের চেয়ে রওজা শরীফ উত্তম	হাবীব আলী জিফরী
১৯। মাছালিকুল হুনাফা	ইমাম জালালুদ্দীন সয়ূতী
২০। হায়াতুল আম্বিয়া	ইমাম বাইয়াকি
২১। জানাযা ও দোয়া	তকি উদ্দীন

মাসআলা মাসাইলের সিরিজ

১। পেশাব- পায়খানা ও অযূ মাসআলা - মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
২। গোসল, পানি ও তায়াম্মুমের মাসআলা - মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৩। মহিলাদের মাসআলা- মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৪। আযানের মাসআলা - মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৫। সালাতুল জুমুয়ার মাসআলা - মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৬। সুন্নাত ও মুস্তাহাব নামাযের মাসআলা - মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৮। সহু সিজদার মাসআলা - মাসাইল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৯। জানাযার পর দোয়া	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
১০। কবরে তালকিন	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক

চটি বই

১। নূরই মুহাম্মদী (দ.) ও জন্ম রজনীর মাজেজা	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
২। দৈনিক আদব ও আমল	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
২। বিশ্বনবী (দ.) এর দেহ মুবারক চুরির ষড়যন্ত্র	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৩। বিশ্বনবী (দ.) এর ইলমে গাইব	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৪। ভাত খাবার আদব	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক
৫। মাছনুন দোয়া	মো.আবুল খায়ের ইবনে মাহতাবুল হক

পরিবেশনায়

রশিদ বুক হাউজ
বাংলাবাজার- ঢাকা
০১৭৭৮৮৫২১৯০

মাকতুবাতুন নাজাত
দারুন নাজাত কামিল মাদ্রাসা
মাদ্রাসা মার্কেট-ডেমরা ঢাকা
০১৯২৩১৩০ ৫৬৫

মুহাম্মদী কুতুবখানা
আন্দরকিল্লাহ -চট্টগ্রাম
০১৮১৯- ৬২১ ৫১৪

নোমানিয়া লাইব্রেরী
কুদরতউল্লা -সিলেট
০১৭১২- ১১৭ ১১৫